# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

বাংলাদেশ বেতার

Baishakh 27, 1433 Bangla, May 10, 2026, Sunday, No. 127, 56th year

# H I G H L I G H T S

Police Week-2026 kicks off today in country with theme "My Police, My Country, Bangladesh First"- In a message on the occation, Prime Minister says, restoring people's confidence in police is government's top priority. [Jago FM: 07]

Prime Minister Tarique Rahman has sought cooperation of his party's grassroot level leaders to implement party's election manifesto. [R. Today: 14]

Nine more children have died from measles and measles-like symptoms in country bringing total death toll to 352. [DW: 06]

Home Minister has commented that real culprit must be brought to book and ensure that no innocent person is harassed. [Jago FM: 07]

Education Minister has emphasized on elevating teachers' skills to improve standard of education in country. [Jago FM: 11]

Prime Minister's Foreign Affairs Adviser has said, government will pursue "Bangladesh first" foreign policy based on national interest. [R. Today: 15]

After two decades of blowouts while drilling gas well in Sunamganj, government has decided to resume gas exploration in Tengratila gas field. [BBC: 03]

Bangladeshi PhD student Nahida Sultana Bristy, brutally murdered in USA's Florida has been laid to eternal rest in Madaripur after arrival of her dead body in country. [R. Today: 17]

Border Guard Bangladesh has issued highest alert at various borders in Kurigram to prevent smuggling and illegal infiltration. [R. Today: 15]

Two Bangladeshi nationals have been killed by India's BSF members along border in Kasba upazila of Brahmanbaria. [Jago FM: 09]

Two Bangladeshi youths have been killed in drone strike by Ukrain near Russian border. [R. Today: 17]

**দৈনিক মনিটরিং রিপোর্ট**

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**

**বৈশাখ ২৭, বাংলা ১৪৩৩, মে ১০, ২০২৬, রবিবার, নং- ১২৭, ৫৬তম বছর**

# শিরোনাম

`আমার পুলিশ, আমার দেশ, সবার আগে বাংলাদেশ, প্রতিপাদ্যে আজ থেকে দেশে পুলিশ সপ্তাহ শুরু – এ উপলক্ষ্যে দেওয়া বাণীতে প্রধানমন্ত্রী তারেক রহমান বললেন, পুলিশের প্রতি জনগণের আস্থা পুনঃপ্রতিষ্ঠাই সরকারের অগ্রাধিকার। [জাগো নিউজ: ০৭]

বিএনপির নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে দলের নেতাকর্মীদের সহযোগিতা চাইলেন তারেক রহমান। [রে. টুডে: ১৪]

দেশে হামের উপসর্গ নিয়ে আরো নয় শিশুর প্রাণহানি এবং এ পর্যন্ত মৃতের সংখ্যা বেড়ে ৩৫২। [ডয়চে ভেলে: ০৬]

স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন, প্রকৃত অপরাধীকে আইনের আওতায় নিয়ে আসতে হবে এবং কোনো নিরপরাধ ব্যক্তি যেন হয়রানির শিকার না হয়, সে ব্যাপারে সর্বোচ্চ সতর্ক থাকতে হবে। [জাগো নিউজ: ০৭]

দেশের শিক্ষার মানোন্নয়নে সবার আগে শিক্ষকদের দক্ষতা ও মানোন্নয়ন জরুরি বলে মন্তব্য করেছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী । [জাগো নিউজ: ১১]

বর্তমান সরকার জাতীয় স্বার্থ রক্ষায় `বাংলাদেশ ফার্স্ট, পররাষ্ট্রনীতি অনুসরণ করবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা। [রে. টুডে: ১৫]

গ্যাস কূপ খননের সময় দুই দফা বিস্ফোরণের শিকার ছাতক গ্যাসক্ষেত্রের টেংরাটিলায় দুই দশক পর আবারও গ্যাস অনুসন্ধানের সিদ্ধান্ত গৃহীত। [বিবিসি: ০৩]

যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় নির্মম হত্যাকাণ্ডের শিকার বাংলাদেশি পিএইচডি শিক্ষার্থী নাহিদা সুলতানা বৃষ্টির মরদেহ দেশে পৌঁছানোর পর তার গ্রামের বাড়ি মাদারীপুরে দাফন সম্পন্ন। [রে. টুডে: ১৭]

কুড়িগ্রামের বিভিন্ন সীমান্তে চোরাচালান প্রতিরোধ এবং অবৈধ অনুপ্রবেশ রোধে সর্বোচ্চ সতর্কতা জারি করেছে বর্ডার গার্ড বাংলাদেশ। [রে. টুডে: ১৫]

ব্রাহ্মণবাড়িয়ার কসবা সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর গুলিতে দুই বাংলাদেশি যুবক নিহত । [জাগো নিউজ: ০৯]

রাশিয়ার সীমান্তের কাছে ইউক্রেনের ড্রোন হামলায় দুই বাংলাদেশি যুবক নিহত। [রে. টুডে: ১৭]

# বিবিসি

## দুর্ঘটনায় আলোচিত টেংরাটিলায় আবারও গ্যাস অনুসন্ধানের সিদ্ধান্ত

গ্যাস কূপ খনন করতে গিয়ে দুই দফা ব্লোআউট বা বিস্ফোরণের শিকার ছাতক গ্যাসক্ষেত্রের টেংরাটিলায় দুই দশক পর, আবারও গ্যাস অনুসন্ধান করার নীতিগত সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বাংলাদেশের রাষ্ট্রায়াত্ত তেল গ্যাস অনুসন্ধান কোম্পানি বাপেক্স এই অনুসন্ধান করবে বলে জানিয়েছে পেট্রোবাংলা। ২০১৬ থেকে ক্ষতিপূরণের দাবি নিয়ে নাইকোর সঙ্গে বাপেক্সের দীর্ঘদিনের আইনি জটিলতা নিষ্পত্তি হওয়ার পর টেংরাটিলায় নতুন করে গ্যাস অনুসন্ধানের নীতিগত সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বাংলাদেশের তেল গ্যাস খনিজ সম্পদ করপোরেশন পেট্রোবাংলার চেয়ারম্যান মো. এরফানুল হক বিবিসি বাংলাকে জানিয়েছেন, টেংরাটিলায় প্রাথমিকভাবে দুটি কূপ খননের পরিকল্পনা হয়েছে এবং বাপেক্স ডিপিপি বা প্রকল্প প্রস্তাব তৈরির কাজ শুরু করেছে। ২০০৫ সালে দুর্ঘটনার পর নানা জটিলতায় গত ২১ বছরে ছাতক ও টেংরাটিলায় গ্যাসক্ষেত্রে কোনো অনুসন্ধান বা উন্নয়ন কার্যক্রম পরিচালিত হয়নি। টেংরাটিলার কূপ খননের প্রকল্প প্রস্তাব সরকারের চূড়ান্ত অনুমোদন নিয়ে আগামী বছরই নতুন কূপ খনন শুরু করতে চায় বাপেক্স। টেংরাটিলা দুর্ঘটনার জন্য নাইকো রিসোর্সেসকে দায়ী করে ২০২৫ সালের ডিসেম্বরে আন্তর্জাতিক সালিশি আদালত ইকসিড ৪২ মিলিয়ন ডলার বা প্রায় ৫১৬ কোটি টাকা বাংলাদেশকে ক্ষতিপূরণ দেওয়ার আদেশ দেয়। কানাডার তেল গ্যাস কোম্পানি নাইকো রিসোর্সেস টেংরাটিলায় গ্যাস কূপ খনন করতে গেলে ২০০৫ সালের জানুয়ারি এবং জুন মাসে দুই দফা বিস্ফোরণ ঘটে। ক্ষয়ক্ষতির হিসেবে টেংরাটিলার ব্লো আউটের কারণে আনুমানিক ৮ বিলিয়ন ঘনফুট গ্যাস পুড়ে নষ্ট হয়েছে। নীতি-নির্ধারক এবং ভূতত্ত্ববিদরা মনে করেন, টেংরাটিলায় দশটি স্তরে গ্যাস প্রাপ্তির সম্ভাবনা ছিল। পুড়ে ক্ষতির পর এখনো কয়েকটি স্তরে গ্যাস পাওয়ার সম্ভাবনা রয়েছে।

ভূতত্ত্ববিদ ড. বদরুল ইমাম মনে করেন, এই ভূগঠনে গ্যাসের মজুত আছে এবং কূপ খনন করে সেখানে গ্যাস অনুসন্ধান করা দরকার। ”বিস্ফোরণ হওয়ার ফলে এটারতো (টেংরাটিলা) আর ডেভলপমেন্ট করা হয় নাই। কিন্তু এটার একটা ভালো মজুত আছে বলেই আমরা ধারণা করি। সুতরাং এখানে কূপ খননের পরিকল্পনাটা বাস্তবধর্মী এবং এটা করা উচিত।„ টেংরাটিলা বাংলাদেশ ভূখণ্ডে আবিষ্কৃত দ্বিতীয় গ্যাসক্ষেত্র ছাতক গ্যাসক্ষেত্রের অংশ। ছাতক গ্যাসক্ষেত্রে পূর্ব ও পশ্চিম দুটি জোনের মধ্যে টেংরাটিলার অবস্থান ছাতক পশ্চিম জোনে। ২০০৩ সালে বাপেক্সের সঙ্গে জয়েন্ট ভেনচার কোম্পানি গঠন করে টেংরাটিলা ক্ষেত্রটি নাইকোর কাছে ইজারা দেওয়া হয়। যদিও ছাতক গ্যাসক্ষেত্রটি সিলেট গ্যাসফিল্ডস লিমিটেড (এসজিএফএল) এর আওতাধীন। সিলেট গ্যাস ফিল্ড ও টেংরাটিলায় গ্যাস কূপ খননে প্রস্তাব দিয়েছিল, তবে পেট্রোবাংলা বাপেক্সকে দিয়ে খনন কাজ করার সিদ্ধান্ত দিয়েছে। পেট্রোবাংলার চেয়ারম্যান মো. এরফানুল হক বলেন, বাপেক্স কূপ খনন করে সিলেট গ্যাস ফিল্ডের সঙ্গে মুনাফা ভাগাভাগি করবে। ”আমরা একটা কমিটি করেছি, এই দুই কোম্পানির মধ্যে প্রফিট শেয়ারিং কীভাবে হবে, তারা প্রপোজ করবে। ওই কমিটি যেভাবে প্রস্তাব দেবে, সেটা আমরা মন্ত্রণালয়কে প্রপোজ করবো।„ টেংরাটিলায় প্রথম পূর্বাংশে গ্যাস কূপ খনন করতে চায় বাপেক্স। এরপর পশ্চিম জোন। যেহেতু দুর্ঘটনায় গ্যাসক্ষেত্রটি ক্ষতিগ্রস্ত হয়েছে, তাই দুর্ঘটনাস্থল থেকে দূরে ভিন্ন স্থানে ত্রিমাত্রিক জরিপের মাধ্যমে স্থান নির্ধারণ করে কূপ খনন করতে চায় বাপেক্স।

### টেংরাটিলায় গ্যাসের মজুত

টেংরাটিলা ছাতক গ্যাসক্ষেত্রের একটি অংশ। ছাতক গ্যাসক্ষেত্রটি সিলেট গ্যাস ফিল্ডের মালিকানাধীন। সিলেট গ্যাস ফিল্ডের কর্মকর্তারা জানান, ছাতকের পূর্ব ও পশ্চিম দুটি জোন রয়েছে, যার মধ্যে টেংরাটিলা পশ্চিম জোনে অবস্থিত। ছাতক পশ্চিম জোন থেকে একটি কূপে অতীতে গ্যাস উত্তোলন হয়েছে। ওই কূপ থেকে মোট ২৭ বিসিএফ গ্যাস উত্তোলন করা হয়েছে। ওই গ্যাস ছাতক সিমেন্ট কারখানায় সরবরাহ করা হয়। ১৯৮৪ সালে ছাতক গ্যাসফিল্ড বন্ধ হয়ে যায়। ছাতক গ্যাসক্ষেত্রের পূর্ব জোনটি একেবারেই কোনো অনুসন্ধান হয়নি। তবে পশ্চিম জোনে যেহেতু গ্যাস উত্তোলন হয়েছে, তাই এটি আবিষ্কৃত গ্যাসক্ষেত্র। পশ্চিম জোনে টেংরাটিলায় দশটি স্তরে গ্যাসে সম্ভাবনা ও মজুত থাকার বিষয়টি জরিপে উঠে এসেছে। এখানে অন্তত চারশো বিসিএফ গ্যাসের মজুত থাকার সম্ভাবনার কথা জানা যায়। এসজিএফএল- এর মহাব্যবস্থাপক জীবন শান্তি সরকার বিবিসি বাংলাকে বলেন, তাদের হিসেবে পূর্ব-পশ্চিম মিলিয়ে ছাতক গ্যাসক্ষেত্রে দুই থেকে তিন টিসিএফ গ্যাস রিসোর্স আছে বলে ধারণা রয়েছে। টেংরাটিলায় মজুত নিয়ে ভূতত্ত্ববিদ ড. বদরুল ইমাম বলেন, উত্তোলনযোগ্য মজুত হতে হলে কূপ খননের পর আবিষ্কারের মাধ্যমেই নিশ্চিত হতে হবে। ”রিসোর্স বলতে বোঝাই যে, পুরো অবস্থানটা গ্যাসটা আছে। কিন্তু আমরা রিজার্ভ বলি যেইটাকে উঠায় নিয়ে আসতে পারবো, সেইটাকে। তো রিজার্ভ যদি বলা হয়, সেটা দুই টিসিএফ রিসোর্স হতে পারে, তবে উত্তোলনযোগ্য সিক্সটি পার্সেন্ট হতে পারে খুব ভালো হলে সেভেনটি পার্সেন্ট হতে পারে। আমি মনে করি না, এখানে দুই টিসিএফ গ্যাস আছে। এখানে (পূর্ব-পশ্চিম মিলিয়ে) নেওয়ার অ্যাবাউট টিসিএফ থাকতে পারে বলে আমার ধারণা।„ এদিকে, যেহেতু টেংরাটিলায় বিস্ফোরণের পর প্রচুর সম্পদ পুড়ে নষ্ট হয়েছে, তাই সেখানে আসলে কতটা মজুত আছে- সেটি একটি

প্রশ্ন। ভূ-কম্পন জরিপ এবং কূপ খননের মাধ্যমেই টেংরাটিলার মজুত পরিস্থিতি সম্পর্কে চূড়ান্ত ধারণা পাওয়া সম্ভব হবে।

**বাংলাদেশে গ্যাস অনুসন্ধান**

বাংলাদেশে পেট্রোবাংলার সবশেষ হিসাব অনুযায়ী, ৩০ টিসিএফ গ্যাসের প্রমাণিত মজুত পাওয়া গেছে, যার মধ্যে প্রায় ২৩ টিসিএফ উত্তোলন হয়েছে এবং এখন সাত টিসিএফ-এর মতো অবশিষ্ট আছে। পেট্রোবাংলার প্রতিবেদনে গ্যাসের উৎপাদন ও সরবরাহ পরিস্থিতি বিশ্লেষণ করে দেখা যায়, বিদেশি কোম্পানি ও আমদানি নির্ভরতাই এখন মোট সরবরাহের চারভাগের তিনভাগ। এই মুহূর্তে গ্যাসের যে প্রমাণিত মজুত আছে, বিদ্যমান হারে উত্তোলন করলে, সেটুকু শেষ হয়ে যাবে দশ বছরের মধ্যে। তবে নতুন আবিষ্কারের মাধ্যম প্রতিনিয়ত প্রমাণিত মজুত বৃদ্ধির সম্ভাবনা রয়েছে। ভূ-তত্ত্ববিদরা মনে করেন, গভীর কূপ খনন ও অনুসন্ধান বাড়িয়ে বাংলাদেশে আবিষ্কৃত খনিতেও গ্যাস উৎপাদন ও মজুত বাড়ানোর সম্ভাবনা আছে। বাংলাদেশে অধিকাংশ গ্যাসক্ষেত্র সুরমা ভূগঠনে অবস্থিত। এই গভীরতা আড়াই হাজার মিটারের মধ্যে। তবে সুরমা ভূগঠনের নিচে বরাইল স্ট্রাকচার রয়েছে, সেটিতে গ্যাস উৎপন্ন ও জমে থাকার সম্ভাবনা দেখেন ভূতত্ত্ববিদরা। ড. বদরুল ইমাম বিবিসি বাংলাকে বলেন, বরাইল আছে তার উপরে সুরমা, তার উপরে তিপাম- এই ধরনের নামকরণ করে শিলাস্তরগুলোকে ভাগ করা হয়। ”আমাদের দেশে যে সমস্ত গ্যাসক্ষেত্র পাওয়া গেছে, এগুলো বেশিরভাগ সুরমা বেসিনে। তিনটা যে গ্রুপের কথা বললাম, এর মধ্যে তিপাম হচ্ছে উপরের লেয়ার। এই স্তরে কোনো গ্যাসক্ষেত্র পাওয়া যায় নাই। সুরমার মধ্যেই সব গ্যাসক্ষেত্র আছে। কিন্তু তার নিচে যে বরাইল স্তরগুলো, তার মধ্যে গ্যাস সম্ভাবনা অনেক বেশি। তার কারণ গ্যাসগুলো উৎপন্ন হয়েছে এই বরাইল স্তরের ভেতরে।„
বদরুল ইমাম বলেন, বাংলাদেশ একটা বদ্বীপ এলাকা। এটার সঙ্গে যদি আমরা তুলনা করি নাইজেরিয়া, আমেরিকার ইউএস গালফ কোস্ট তুলনা করা যায়। প্রাকৃতিকভাবে এগুলো গ্যাস রিচ। বাংলাদেশের ভূ-প্রকৃতি ঠিক একই রকম। মি. ইমামের মতে, বরাইল গ্রুপ বা ফরমেশনে ড্রিলিং করলে গ্যাস পাওয়ার সম্ভাবনা অনেক বেশি। ”বাংলাদেশ বেসিক্যালি লেস এক্সপ্লোরড। কম অনুসন্ধান হয়েছে, এমন একটা জায়গা। আমরা যে পরিমাণ গ্যাস উত্তোলন করছি বা আবিষ্কার করেছি, সেটা একটা অংশ মাত্র। এখানে যদি যথেষ্ট পরিমাণ অনুসন্ধান করা যায়, নতুন নতুন গ্যাসক্ষেত্র আবিষ্কার হবে।„ বিশেষজ্ঞরা মনে করেন, গভীর কূপ খনন এবং বেশি বেশি কূপ খনন করে গ্যাসের সম্ভাবনা যতটা সম্ভব খতিয়ে দেখা দরকার। এছাড়া, পার্বত্য চট্টগ্রামে ভূগঠনে গ্যাস ধারণ করতে পারে। সুতরাং, এগুলো এক্সপ্লোর করা উচিত। এছাড়া গভীর সাগরেও উল্লেখযোগ্য অনুসন্ধান করতে পারেনি বাংলাদেশ।

**তিতাসে প্রথম গভীর কূপ**

বাংলাদেশে এখন পর্যন্ত মোট ২৯টি গ্যাসক্ষেত্র আবিষ্কার হয়েছে, যার মধ্যে ২০টি উৎপাদনে আছে। ৫টি গ্যাসক্ষেত্রের উত্তোলনযোগ্য মজুত ফুরিয়ে গেছে। জ্বালানি বিভাগের তথ্য অনুযায়ী, পেট্রোবাংলার তিনটি কোম্পানি ২০২৬-২৭ সালের মধ্যে স্থলভাগে নতুন ২৬টি কূপ খননের পরিকল্পনা নিয়েছে। বরাইল শিলাস্তরে গ্যাসের অনুসন্ধান করতে তিতাস গ্যাসক্ষেত্রে প্রথমবারের মতো একটি গভীর কূপ খনন শুরু হয়েছে। তিতাস-৩১ কূপ নামে এটি মাটির ৫৬০০ মিটার গভীর পর্যন্ত গ্যাস অনুসন্ধান করবে। বিজিএফসিএল-এর ব্যবস্থাপনা পরিচালক মো. আব্দুল জলিল প্রামানিক বিবিসি বাংলাকে বলেন, আমাদের ডিপার জোনগুলো দেখার সুযোগ আছে। এটা যেমন তিতাসে আছে। অন্যান্য জায়গাতেও ভালো সুযোগ আছে। সেখানে গ্যাস এবং কোনো কোনো জায়গায় তেলের সম্ভাবনাও রয়েছে। ”তিতাসের এই কূপ বাংলাদেশের সবচেয়ে গভীরতম কূপ হিসেবে খনন করতে যাচ্ছি আমরা। এই কূপটার ৫ হাজার ৬০০ মিটার গভীরে নিয়ে যাচ্ছি। আমাদের তিতাসের যে ২৭টি কূপ খনন হয়েছে, সেটা কিন্তু তিন হাজার সাতশো মিটারের মধ্যে। এখান থেকেই আমরা গ্যাস উত্তোলন করছি। ৫,৬০০ মিটার পর্যন্ত ডেপথের মধ্যে আমাদের চারটি নতুন স্তর বা হাইড্রোকার্বন বেয়ারিং জোন আছে বলে ত্রিমাত্রিক জরিপে রিপোর্টে একটা প্রতিফলন আছে। তার উপর ভিত্তি করেই এই খনন কার্যক্রম নেয়া হয়েছে। এটা সফল হলে আরো প্রায় দুই টিসিএফ-এর মতো গ্যাস রিজার্ভে যোগ হতে পারে।„

**বাংলাদেশের চ্যালেঞ্জ**

বাংলাদেশে গ্যাস অনুসন্ধানে একটি বড়ো চ্যালেঞ্জ হলো জাতীয় সক্ষমতা এবং বিনিয়োগ এবং কারিগরি ঝুঁকি। বিজিএফসিএল-এর চলমান তিতাস ও বাখরাবাদে দুটি কূপ খনন করতে ব্যয় হচ্ছে ৫৯৪ কোটি টাকা। আর স্থলভাগে দেশের রাষ্ট্রায়ত্ত তেল গ্যাস অনুসন্ধান ও উৎপাদন কোম্পানি বাপেক্সের একটি কূপ খননে খরচ হয় গড়ে প্রায় দেড়শ কোটি টাকা। এখন পর্যন্ত বাংলাদেশে তিনটি কূপ খনন করে একটিতে গ্যাস পাওয়ার সম্ভাবনা দেখা যায়। জ্বালানি বিশেষজ্ঞরা এই সম্ভাব্যতার অনুপাতকে বিশ্বের অনেক দেশের তুলনায় আকর্ষণীয় হিসেবে দেখেন। এছাড়া, তেল গ্যাসের কূপ খননের পর গ্যাস বাণিজ্যিকভাবে উত্তোলনের জন্য গ্যাস না পেলেও, সেটাকে অপচয় বা ব্যর্থতা হিসেবে দেখেন না ভূতত্ত্ববিদরা। কারণ ওই খননের তথ্য নতুন কূপ খননে সহায়তা করে এবং ভূগঠন সম্পর্কে গুরুত্বপূর্ণ অনেক তথ্য পাওয়া যায়। এছাড়া, বর্তমান গ্যাস সংকট ও বিশ্ব বাজারে অস্থিরতার বিবেচনা থেকে হিসাব করলে কূপ খনন যে

গুরুত্বপূর্ণ এবং লাভজনক, সেটি প্রতীয়মান হয় বলে মনে করেন বিশ্লেষকরা। উদাহরণ হিসেবে, ইরান যুদ্ধের কারণে মূল্যবৃদ্ধিতে বাংলাদেশ এক কারগো এলএনজি আমদানি করতে সর্বোচ্চ যে খরচ করতে হয়েছে, সেই টাকায় স্থলভাগে আটটি কূপ খনন করতে পারে বাপেক্স। কারিগরি সক্ষমতার চ্যালেঞ্জও রয়েছে, যেমন এই মুহূর্তে বাপেক্সের ৫টি রিগ বা খনন যন্ত্র থাকলেও, একসঙ্গে তিনটির বেশি রিগ পরিচালনার জন্য প্রয়োজনীয় দক্ষ জনবল নেই। সুতরাং অর্থ বরাদ্দ করলেও বাপেক্স একসঙ্গে ৫টি রিগ ব্যবহার করে গ্যাস কূপ খনন করতে পারবে না। এছাড়া, বাংলাদেশে গভীর কূপ খনন করার প্রয়োজনীয়তার কথা বলছেন বিশেষজ্ঞরা, সেখানেও অভিজ্ঞতা এবং সক্ষমতার ঘাটতি আছে বাপেক্সের। কারণ বাপেক্স নিজস্ব রিগ দিয়ে এখন পর্যন্ত সর্বোচ্চ ৪৯৭৭ মিটার পর্যন্ত গভীরে কূপ খনন করেছে।

**রিগ বা গ্যাস কূপ খনন যন্ত্র**

এই মুহূর্তে গভীর কূপ খনন করার জন্য বাপেক্সের একদিকে কারিগরি সক্ষমতা নেই। আবার বাস্তব অভিজ্ঞতাও নেই। এ কারণে বাপেক্সকে নতুন করে গভীর কূপ খনন করার রিগের আধুনিকায়ন দরকার হবে, আবার জনবলকে গভীর কূপ খননে দক্ষ ও অভিজ্ঞ করতে প্রশিক্ষণ লাগবে। এক্ষেত্রে বিদেশি কোম্পানির সহায়তা নেওয়া লাগতে পারে বলে মনে করেন ভূতত্ত্ববিদ বদরুল ইমাম। ”এই খানে ডিপ ড্রিলিং করতে হবে। ডিপ ড্রিলিং করার জন্য যে সরঞ্জাম, সেটা একটু ইকুইপমেন্ট ইনটেনসিভ এবং অর্গানাইজেশন ইনটেনসিভ। বাপেক্স যে লেভেলে ড্রিলিং (খনন) করে সেটা ডিপ ড্রিলিং নয়। ডিপ ড্রিলিংয়ে যেতে হলে খুব সম্ভবত বাপেক্সকে বিদেশি কোম্পানির সহায়তা নিয়ে করতে হবে। ইভেনচুয়্যালি বাপেক্সও এটায় পারদর্শী হয়ে উঠতে পারে।„ সমালোচনা রয়েছে, বাংলাদেশে জাতীয় তেল গ্যাস অনুসন্ধান ও উৎপাদনে জাতীয় সক্ষমতা গড়ে না ওঠায় বিদেশি কোম্পানির সঙ্গে চুক্তির প্রয়োজন হয়। তেল গ্যাস খাতের চুক্তির স্বচ্ছতা নিয়েও প্রশ্ন রয়েছে বাংলাদেশে। টেংরাটিলায় নাইকোর সঙ্গে চুক্তি নিয়েও অভিযোগ ছিল এবং সাবেক দুইজন প্রধানমন্ত্রীর বিরুদ্ধে দুর্নীতির মামলা হয়েছিল। উচ্চ আদালতের রায়ে পৃথকভাবে দুজনই অব্যাহতি পেয়েছেন। যদিও সমালোচনা ও বিতর্কের মুখে ২০০৫ সালে তৎকালীন জ্বালানি মন্ত্রীকে পদত্যাগ করতে হয়। অন্যদিকে, কানাডার একটি আদালত ২০১১ সালে নাইকোকে বাংলাদেশে কার্যক্রম পরিচালনায় অসাধু পন্থা অবলম্বনের দায়ে ৯.৫ মিলিয়ন ডলার জরিমানা করে রায় দেয়। (বিবিসি ওয়েব পেজ : ০৯.০৫.২০২৬ আলী আহমেদ)

## 'ওকে আগেই নিতে আসলাম; তবে জীবিত না, মৃত- এই আরকি' : বৃষ্টির বাবা

”আসলে এই দিনটার জন্য আমরা কখনোই অপেক্ষায় ছিলাম না। আগামী জুলাইয়ের ১৭ তারিখে `ও, ল্যান্ড করবে, এভাবে আমরা প্রস্তুতি নিয়েছিলাম। রাত আড়াইটার সময় এখানে ল্যান্ড করবে, আমরা ওইভাবে ওকে নিতে আসব। কিন্তু তার আগেই ওকে নিতে আসলাম। তবে জীবিত না, মৃত- এই আরকি।„ বিমানবন্দরে উপস্থিত সাংবাদিকদের সামনে অশ্রুসিক্ত চোখে এই কথাগুলো বলছিলেন নাহিদা সুলতানা বৃষ্টির বাবা জহির উদ্দিন আকন। যুক্তরাষ্ট্রে মর্মান্তিকভাবে নিহত বাংলাদেশি পিএইচডি শিক্ষার্থী নাহিদা সুলতানা বৃষ্টির মরদেহ শনিবার সকালে ঢাকায় শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এসে পৌঁছায়। বিমানবন্দরে এক আবেগঘন পরিস্থিতির সৃষ্টি হয়, যখন বৃষ্টির বাবা, মা ও ভাইসহ পরিবারের অন্য সদস্যরা তার মরদেহ গ্রহণ করেন। সেখানে তার সাবেক সহপাঠীরাও উপস্থিত ছিলেন। বৃষ্টির সঙ্গে একই সময় হত্যার শিকার বাংলাদেশি আরেকজন পিএইচডি শিক্ষার্থী জামিল আহমেদ লিমনের মরদেহ গত ৪ মে ঢাকায় এসে পৌঁছায়। তারা দুইজনই যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অফ সাউথ ফ্লোরিডায় পিএইচডি করছিলেন। গত ১৬ এপ্রিল তারা নিখোঁজ হন। পরে লিমনের রুমমেট মার্কিন নাগরিক হিশাম আবুঘরবেহকে গ্রেফতার করে জিজ্ঞাসাবাদের পর হিলসবরো কাউন্টি শেরিফের কার্যালয় থেকে জানানো হয়, গত ২৪ এপ্রিল ফ্লোরিডার হাওয়ার্ড ফ্রাঙ্কল্যান্ড ব্রিজ এলাকায় আবর্জনা ফেলার কালো রঙের কয়েকটি ব্যাগের মধ্যে জামিলের ক্ষতবিক্ষত মরদেহ খুঁজে পাওয়া যায়। ২৬ এপ্রিল হাওয়ার্ড ফ্র্যাঙ্কল্যান্ড ব্রিজের কাছে পাওয়া আরেকটি মরদেহের অংশবিশেষ পরীক্ষা করে তা বৃষ্টির বলে শনাক্ত করা হয়।

প্রায় ২৭ বছরের জামিল আহমেদ লিমন খুলনা বিশ্ববিদ্যালয়ে স্নাতক শেষ করে ইউনিভার্সিটি অব সাউথ ফ্লোরিডায় ভূগোল, পরিবেশবিজ্ঞান ও নীতি বিষয়ে পিএইচডি করছিলেন। তার সমবয়সি নাহিদা সুলতানা বৃষ্টি, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় থেকে বের হওয়ার পর যুক্তরাষ্ট্রের ওই একই বিশ্ববিদ্যালয়ে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং নিয়ে পিএইচডি করছিলেন।

**বৃষ্টির নকশা করা একটি বাড়ি ছিল**

বৃষ্টির বাবা জহির উদ্দিন আকন সাংবাদিকদের জানান, মাদারীপুরে বৃষ্টির নিজস্ব নকশা করা একটি বাড়ি ছিল। বৃষ্টির খুব শখ ছিল তিনি পিএইচডি শেষ করে দেশে ফিরে এই বাড়িটির উদ্‌বোধন করবেন। এছাড়াও, বৃষ্টি সব সময় সুবিধাবঞ্চিত মানুষের পাশে দাঁড়াতে চাইতেন বলেও জানান তার বাবা। ”ওর ডিজাইন করা একটি বাড়ি আমি গ্রামের বাড়িতে করেছিলাম। `ও, এসে বাড়িটা উদ্‌বোধন করবে এই প্রত্যাশা ছিল আরকি এবং গ্রামে যত দুঃখী মানুষ আছে, তাদের পাশে থাকবে- এই ছিল তার একটা প্রবল ইচ্ছা। আর বাড়ির সামনে একটা নেমপ্লেট থাকবে, যেখানে লেখা

থাকবে- ড. নাহিদা সুলতানা বৃষ্টি। সার্টিফিকেট যদিও পাইছে, কিন্তু সেটা ছিল মরণোৎতর। জীবিত আর নাই,„ বলেন তিনি।

গত সপ্তাহে, ইউনিভার্সিটি অফ সাউথ ফ্লোরিডা এক বিশেষ অনুষ্ঠানের মাধ্যমে নিহত নাহিদা সুলতানা বৃষ্টি এবং জামিল হাসান লিমনকে মরণোত্তর ডক্টরেট ডিগ্রি দিয়েছে। বৃষ্টির হয়ে এই ডিগ্রি গ্রহণ করেন যুক্তরাষ্ট্রের বাংলাদেশের কনসাল জেনারেল। বৃষ্টির প্রফেসর ড. বিনয় গুপ্ত সিবিএস নিউজকে এক সাক্ষাৎকারে বলেন, "বৃষ্টির লক্ষ্য ছিল উচ্চশিক্ষা শেষে অর্জিত জ্ঞানের মাধ্যমে বাংলাদেশের জ্বালানি সংকট ও পরিবেশ দূষণ নিয়ন্ত্রণে পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে সহায়তা করা। এই সমস্যাগুলো তার কাছে খুব গুরুত্বপূর্ণ ছিল।„ বিমানবন্দরের আনুষ্ঠানিকতা শেষে বৃষ্টির মরদেহ তার গ্রামের বাড়ি মাদারীপুরে শেষকৃত্যের জন্য নিয়ে যাওয়া হয়। এর আগে, ৪ মে লিমনের মরদেহে বাংলাদেশে পৌঁছালে তাকে জামালপুরের মাদারগঞ্জ উপজেলায় গ্রামের বাড়িতে দাফন করা হয়। বাংলাদেশি এই দুই শিক্ষার্থীকে হত্যার দায়ে লিমনের রুমমেট হিশাম আবুগারিবের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। হিলসবোরো স্টেট অ্যাটর্নি অফিসের অভিযোগ অনুযায়ী, অপরাধ প্রমাণিত হলে আসামির মৃত্যুদণ্ড হতে পারে।

(বিবিসি ওয়েব পেজ : ০৯.০৫.২০২৬ নারগীস)

## রেডিও তেহরান

### পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিলেন শুভেন্দু অধিকারী

ভারতের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিলেন ভারতীয় জনতা পার্টির (বিজেপি) নেতা শুভেন্দু অধিকারী। এর মধ্যদিয়ে প্রথমবারের মতো পশ্চিমবঙ্গে সরকার গঠন করল বিজেপি। শপথ নিয়েছেন নতুন সরকারের মন্ত্রীরা। এনডিটিভির খবরে বলা হয়েছে, কলকাতার ঐতিহাসিক ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে আজ শনিবার স্থানীয় সময় বেলা ১১টায় (বাংলাদেশ সময় সাড়ে ১১টা) শপথ অনুষ্ঠান শুরু হয়। বাংলাদেশ সময় দুপুর ১২টার একটু পর রাজ্যপাল আর এন রবির উপস্থিতিতে শপথ নেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এর পর শুভেন্দুর পিঠ চাপড়ে দেন প্রধানমন্ত্রী মোদি। তাকে অভিবাদন জানান। মন্ত্রী হিসাবে শপথ নেন দিলীপ ঘোষ, অগ্নিমিত্রা পাল, অশোক কীর্তনিয়া, নিশীথ প্রামাণিক, ক্ষুদিরাম টুডু। অনুষ্ঠান শুরুর কিছুক্ষণ আগে অনুষ্ঠানস্থলে হাজির হন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ছাদ খোলা গাড়িতে মোদির পাশেই ছিলেন শুভেন্দু অধিকারী ও বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। তারা তিনজন হাত নেড়ে জনতাকে অভিবাদন জানান। রবীন্দ্র জয়ন্তীর এ দিনে শপথ মঞ্চে উঠে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ছবিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান প্রধানমন্ত্রী মোদি, বাজানো হয় জাতীয় সংগীত। আগেই অনুষ্ঠানস্থলে হাজির হন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী ও বিজেপি নেতা অমিত শাহ। শপথ মঞ্চে দেখা গেছে, বিজেপির সর্বভারতীয় সভাপতি নিতিন নবীন, কেন্দ্রীয় মন্ত্রী রাজনাথ সিং, শিবরাজ সিং চৌহান, জেপি নাড্ডাকে। বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীদের মধ্যে ছিলেন উত্তরপ্রদেশের যোগী আদিত্যনাথ, অন্ধ্রপ্রদেশের চন্দ্রবাবু নাইডু, মহারাষ্ট্রের দেবেন্দ্র ফডনবীশ, আসামের হিমন্ত বিশ্বশর্মা, ত্রিপুরার মানিক সাহা, দিল্লির রেখা গুপ্ত, বিহারের সম্রাট চৌধুরী, উত্তরাখণ্ডের পুষ্কর সিং ধামি প্রমুখ।

(রেডিও তেহরান ওয়েব পেজ : ০৯.০৫.২০২৬ নারগীস)

## এনএইচকে

### ইরানের চলমান পরিস্থিতি সত্ত্বেও ট্রাম্প নির্ধারিত তারিখে চীনে শি জিনপিংয়ের সঙ্গে সাক্ষাৎ করবেন

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প , আগামী সপ্তাহে চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে সাক্ষাৎ করতে চীন সফরে যাবেন। তার চীন সফর মূলত মার্চের শেষের দিকে নির্ধারিত ছিল , তবে ইরানের বিরুদ্ধে মার্কিন সামরিক অভিযানের কথা উল্লেখ করে তিনি এর আগে সফরটি ১৪ ও ১৫ মে পর্যন্ত পিছিয়ে দেন। বৃহস্পতিবার এক সাংবাদিকের প্রশ্নের জবাবে ট্রাম্প তার সফরসূচি পুনর্ব্যক্ত করেন। চলমান ইরান পরিস্থিতি সত্ত্বেও তিনি এই সফরে যাওয়ার পরিকল্পনা করছেন কি না , তা জানতে চাওয়া হলে তিনি এ কথা বলেন। বেইজিং ট্রাম্পের সফরের তারিখ ঘোষণা করেনি , তবে গত সপ্তাহে দুই দেশের পররাষ্ট্র ও বাণিজ্যমন্ত্রী এবং অন্যান্য কর্মকর্তারা ফোনে একাধিকবার আলোচনা করেছেন। ২০১৭ সালে ট্রাম্পের প্রথম মেয়াদকালে সফরের পর এটিই হবে চীনে তার প্রথম সফর।

(জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৫.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### হাম ও হামের উপসর্গে বাংলাদেশে আরও ৯ শিশুর মৃত্যু

হাম ও হামের উপসর্গে গত ২৪ ঘণ্টায় (শুক্রবার সকাল ৮টা থেকে শনিবার সকাল ৮টা) দেশে আরও নয়জন শিশু মারা গেছে। এর মধ্যে তিন শিশুর হাম শনাক্ত হয়েছিল। হামের উপসর্গ ছিল ৬ শিশুর। উল্লিখিত সময়ে হাম শনাক্ত হয়ে বরিশালে তিন শিশু মারা গেছে। আর হামের উপসর্গে ঢাকায় তিন, খুলনায় দুই ও সিলেটে এক শিশু মারা গেছে। গত

১৫ মার্চ থেকে এ পর্যন্ত হাম ও হামের উপসর্গ নিয়ে মোট ৩৫২ জন শিশুর মৃত্যু হলো। শনিবার স্বাস্থ্য অধিদপ্তরের হামবিষয়ক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৯.০৫.২০২৬ রনি)

## জাগো নিউজ

### গুম-অপহরণ ও ভয়ের সংস্কৃতিমুক্ত রাষ্ট্র চায় জনগণ: প্রধানমন্ত্রী

দীর্ঘ দেড় দশকের বেশি সময় পর দেশে একটি অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠিত হয়েছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, জনগণ এখন গুম, অপহরণ ও ভয়ের সংস্কৃতিমুক্ত একটি রাষ্ট্র ও সমাজ দেখতে চায়। যেখানে জানমালের ভয় থাকবে না এবং অবিচার , অনাচার কিংবা নির্যাতন - নিপীড়নের আশঙ্কাও থাকবে না। `পুলিশ সপ্তাহ ২০২৬, উপলক্ষ্যে শনিবার (৯ মে) দেওয়া এক ফেসবুক পোস্টে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। তিনি উল্লেখ করেন , এমন একটি প্রত্যাশিত পরিস্থিতি বজায় রাখার ক্ষেত্রে আইন -শৃঙ্খলা বাহিনী তথা পুলিশের ভূমিকাই সর্বাধিক। প্রধানমন্ত্রী বলেন , একটি রাষ্ট্রের আইন -শৃঙ্খলা রক্ষা, অপরাধ প্রতিরোধ ও জনগণের জানমালের নিরাপত্তা বিধানে পুলিশ বাহিনীর বিকল্প নেই। তবে পুলিশ যদি জনগণের সঙ্গে আস্থা ও বিশ্বাসের সম্পর্ক তৈরি করতে পারে , তাহলে দায়িত্ব পালনের পথ আরও সহজ ও সুগম হয়ে যায়। তিনি বলেন , রাষ্ট্রের স্থিতিশীলতা ও জনগণের আস্থা রক্ষায় একটি পেশাদার ও দায়িত্বশীল পুলিশ বাহিনী অপরি হার্য। প্রতিবছর অনুষ্ঠিত পুলিশ সপ্তাহ হয়ে উঠুক নিজেদেরকে জনগণের বিশ্বস্ত বাহিনী হিসেবে গড়ে তোলার অঙ্গীকার পূরণের একটি মুহূর্ত। বাণীতে প্রধানমন্ত্রী বাংলাদেশ পুলিশের সাবেক ও বর্তমানে কর্মরত সব কর্মকর্তা , সদস্য এবং অবসরপ্রাপ্ত সদস্যদের শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি বলেন , বর্তমান সরকার একটি সমৃদ্ধ , স্বনির্ভর, ন্যায়ভিত্তিক, গণতান্ত্রিক মানবিক রাষ্ট্র প্রতিষ্ঠার লক্ষ্যে বিস্তারিত কর্মসূচি বাস্তবায়ন করছে। তবে ঘরে -বাইরে জনমনে নিরাপত্তা ও স্বস্তি নিশ্চিত না হলে , সেই লক্ষ্য অর্জন দুরূহ হয়ে উঠবে। এজন্য পুলিশের প্র তি জনগণের আস্থা পুনঃপ্রতিষ্ঠা এবং দেশে আইন -শৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নই এখন সরকারের অগ্রাধিকার। প্রধানমন্ত্রী আরও বলেন , দেশের প্রতিটি প্রয়োজনে ও সংকটে বাংলাদেশ পুলিশ সর্বোচ্চ পেশাদারিত্ব ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেছে। সম্প্রতি , অনুষ্ঠিত জাতীয় সংসদ নির্বাচনে পুলিশের ভূমিকা প্রমাণ করেছে , একটি উপযোগী ও অনুকূল পরিবেশে তারা দক্ষতার সঙ্গে দায়িত্ব পালনে সম্পূর্ণ সক্ষম। আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশ পুলিশের সাফল্যের কথা তুলে ধরে তিনি বলেন , জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে তাদের গৌরবোজ্জ্বল অবদান বিশ্বে বাংলাদেশের মর্যাদা বাড়িয়েছে। তবে , পরিবর্তিত বৈশ্বিক বাস্তবতায় পুলিশের আধুনিকায়ন ও সক্ষমতা বৃদ্ধি অপরিহার্য। তারেক রহমান বলেন , আইন-শৃঙ্খলা উন্নয়ন, অপরাধ দমন এবং জাতীয় অগ্রগতির সঙ্গে পুলিশের উন্নয়ন নিবিড়ভাবে সম্পৃক্ত। এ কারণে পুলিশের উন্নয়নে বিনিয়োগকে সরকার জননিরাপত্তার অপরিহার্য অংশ হিসেবে বিবেচনা করে। গণতান্ত্রিক অগ্রযাত্রা অব্যাহত রাখতে স্থিতিশীল আইন -শৃঙ্খলা পরিস্থিতি নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করে প্রধানমন্ত্রী বলেন , মব সহিংসতা, কিশোর গ্যাং এবং মাদকদ্রব্যের বিস্তার রোধে পুলিশকে আরও কার্যকর ভূমিকা রাখতে হবে। পুলিশ সপ্তাহ ২০২৬ উপলক্ষ্যে প্রধানমন্ত্রী বাংলাদেশ পুলিশের সার্বিক সাফল্য ও সমৃদ্ধি কামনা করেন।(জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৫.২০২৬ রুবাইয়া)

### নিরপরাধ কেউ যেন হয়রানির শিকার না হয়: পুলিশকে স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন , প্রকৃত অপরাধীকে আইনের আ ওতায় নিয়ে আসতে হবে , কোনো নিরপরাধ মানুষ যেন হয়রানির শিকার না হয় , সে ব্যাপারে সর্বোচ্চ সতর্ক থাকতে হবে। ১০ মে `পুলিশ সপ্তাহ-২০২৬, উপলক্ষ্যে শনিবার এক বাণীতে তিনি এ আহ্বান জানান। স্বরাষ্ট্রমন্ত্রী পুলিশ সদস্যদের উদ্দেশ্যে তার বাণীতে বলেন , প্রত্যেক পুলিশ সদস্যকে পেশাদারিত্বের আদর্শে উজ্জীবিত হয়ে মানুষের কাছে সেবা ও আস্থার প্রতীক হয়ে উঠতে হবে , ভুক্তভোগীকে তার প্রাপ্য আইনি সেবা পেতে সর্বোচ্চ সহযোগিতা করতে হবে। আইজিপি তার বাণীতে বলেন , পুলিশের প্রযুক্তিগত সক্ষমতা বৃদ্ধি ও আধুনিকায়নের মাধ্যমে আমরা পুলিশের কার্যক্রমকে আরও জনবান্ধব, গতিশীল ও জবাবদিহিমূলক করতে অঙ্গীকারবদ্ধ। এবারের পুলিশ সপ্তাহের স্লোগান নির্ধারণ করা হয়েছে , `আমার পুলিশ, আমার দেশ, সবার আগে বাংলাদেশ, । আমরা জনগণের পুলিশ হিসেবে তাদের পাশে থেকে আন্তরিকতা ও নিষ্ঠার সঙ্গে সেবা দিতে চাই। `আমার পুলিশ, আমার দেশ, সবার আগে বাংলাদেশ,- প্রতিপাদ্যে চার দিনব্যাপী (১০-১৩ মে) উদ্‌যাপিত হচ্ছে এবারের পুলিশ সপ্তাহ। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৫.২০২৬ রিহাব)

### মব সহিংসতা-মাদক বিস্তার রোধে পুলিশকে আরও কার্যকর হতে হবে: তারেক রহমান

মব সহিংসতা, কিশোর গ্যাং ও মাদকদ্রব্যের বিস্তা র রোধে পুলিশকে আরও কার্যকর ভূমিকা রাখার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। `পুলিশ সপ্তাহ-২০২৬, উপলক্ষ্যে শনিবার (৯ মে) এক বাণীতে তিনি এ আহ্বান জানান। বাংলাদেশ পুলিশের সবচেয়ে বড়ো আয়োজন পুলিশ সপ্তাহ শুরু হচ্ছে রোববার (১০ মে)। প্রধানমন্ত্রী বলেন, ”বর্তমান সরকার একটি সমৃদ্ধ ও স্বনির্ভর ন্যায়ভিত্তিক গণতান্ত্রিক মানবিক রাষ্ট্র প্রতিষ্ঠার লক্ষ্যে বিস্তারিত কর্মসূচি বাস্তবায়ন করে চলছে। তবে ঘরে -বাইরে জনমনে নিরাপত্তা , স্বস্তি না থাকলে লক্ষ্য অর্জন দুরূহ হয়ে উঠবে। এজন্য পুলিশের প্রতি

জনগণের আস্থা পুনঃপ্রতিষ্ঠা এবং দেশে আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নই এই মুহূর্তে আমাদের অগ্রাধিকার। „ তিনি উল্লেখ করেন, আইন-শৃঙ্খলা উন্নয়ন, অপরাধ দমন ও জাতীয় অগ্রগতির সঙ্গে পুলিশের উন্নয়ন নিবিড়ভাবে সম্পৃক্ত। এ কারণে পুলিশের উন্নয়নে বিনিয়োগকে সরকার জননিরাপত্তার অপরিহার্য অংশ হিসেবে বিবেচনা করে। গণতান্ত্রিক অগ্রযাত্রা অব্যাহত রাখতে স্থিতিশীল আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিশ্চিত করা জরুরি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৫.২০২৬ রিহাব)

## পুলিশ সপ্তাহ শুরু রোববার, ১০৭ জনকে পদক দেবেন প্রধানমন্ত্রী

`আমার পুলিশ, আমার দেশ, সবার আগে বাংলাদেশ, প্রতিপাদ্য নিয়ে রোববার (১০ মে) শুরু হচ্ছে পুলিশ সপ্তাহ-২০২৬। এ উপলক্ষ্যে এবার চার দিনব্যাপী নানান অনুষ্ঠানমালা চলবে। কৃতিত্বপূর্ণ কাজের স্বীকৃতি হিসেবে এ বছর পুলিশ সপ্তাহে পদক পাচ্ছেন বাহিনীর ১০৭ সদস্য। রাজধানীর রাজারবাগ পুলিশ লাইনসে তাদের পদক পরিয়ে দেবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শনিবার (৯ মে) পুলিশ সদর দপ্তর জানায়, রোববার সকালে রাজারবাগ পুলিশ লাইনস মাঠে বার্ষিক পুলিশ প্যারেডের মধ্যদিয়ে সপ্তাহ শুরু হবে। প্রধানমন্ত্রী পুলিশের বিভিন্ন কনটিনজেন্ট ও পতাকাবাহী দলের সুশৃঙ্খল, দৃষ্টিনন্দন ও বর্ণিল প্যারেড পরিদর্শন এবং অভিবাদন গ্রহণ করবেন। সেই সঙ্গে তিনি পুলিশ সদস্যদের উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ দিক-নির্দেশনামূলক ভাষণ দেবেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৫.২০২৬ রিহাব)

## নিজের বানানো গাড়িতে প্রধানমন্ত্রীকে চড়ালেন ওয়াকিমুল

প্রধানমন্ত্রী তারেক রহমান আজ বিশেষ চাহিদাসম্পন্ন কলেজছাত্র ওয়াকিমুল ইসলামের নিজের হাতে তৈরি স্মার্ট গাড়িতে চড়েন। শুধু তাই নয়, ওয়াকিমুলের বানানো খোলা কারে বসে তার কাছ থেকে জানলেন নানা তথ্য। শনিবার (৯ মে) তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে ওয়াকিমুলকে ডেকে পাঠানো হয়। সেখানে তার তৈরি গাড়িতে বসে ওয়াকিমুলের সঙ্গে সরাসরি কথা বলেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রীর প্রেস উইং থেকে পাওয়া ভিডিওতে দেখা যায়, ছোট্ট গাড়িটি চালাচ্ছেন ওয়াকিমুল, আর পাশে বসে আছেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী গাড়িটির নির্মাণ প্রক্রিয়া, আরও উন্নত করার সম্ভাবনা, বিদ্যমান প্রতিবন্ধকতা এবং সম্ভাব্য সমাধান নিয়ে বিস্তারিত জানতে চান তার কাছে। জবাবে ওয়াকিমুল জানান, গাড়িটির কাজ এখনো সম্পূর্ণ হয়নি, মাত্র ৫০ শতাংশ শেষ হয়েছে। এ সময় ওয়াকিমুলের বাবাও প্রধানমন্ত্রীর কার্যালয়ে উপস্থিত ছিলেন। ওয়াকিমুল ইসলাম যশোরের চৌগাছা সরকারি কলেজে একাদশ শ্রেণিতে পড়ছেন। বিজ্ঞান বিভাগের এই শিক্ষার্থীর বাবা একজন ক্ষুদ্র ব্যবসায়ী। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৫.২০২৬ রিহাব)

## পুলিশ ও জনগণের সম্পর্ক আরও দৃঢ় করতে হবে: রাষ্ট্রপতি

পুলিশ বাহিনীর ভাবমূর্তি সমুন্নত রাখতে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। ১০ মে `পুলিশ সপ্তাহ-২০২৬, উপলক্ষ্যে শনিবার এক বাণীতে তিনি এ আহ্বান জানান। পুলিশ সপ্তাহ-২০২৬ উপলক্ষ্যে রাষ্ট্রপতি বাংলাদেশ পুলিশের সব সদস্যকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানান। রাষ্ট্রপতি তার বাণীতে বলেন, পুলিশ বাহিনীর সততা, নিষ্ঠা, পেশাদারিৎব ও শৃঙ্খলার ওপর একটি রাষ্ট্রের স্থিতিশীলতা, সুশাসন ও উন্নয়ন অগ্রযাত্রা অনেকাংশে নির্ভর করে। বিভিন্ন জাতীয় আয়োজন ও ক্রান্তিকালীন সময়েও পুলিশ বাহিনীর নৈর্ব্যক্তিক, পেশাদার ও জনবান্ধব ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সম্প্রতি আয়োজিত ত্রয়োদশ জাতীয় নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে আয়োজনে পুলিশ সততা ও দক্ষতার সঙ্গে ভূমিকা পালন করেছে। এজন্য পুলিশ বাহিনীর সব সদস্যকে আন্তরিক ধন্যবাদ জানাই। তিনি বলেন, বর্তমান তথ্য-প্রযুক্তির যুগে অপরাধের ধরন দিন দিন জটিল ও বহুমাত্রিক হয়ে উঠছে। সাইবার স্পেস, এআই ও ডিপফেক ইত্যাদি আধুনিক প্রযুক্তি-মিথ্যাচার, চরিত্র হনন, জনবিশৃঙ্খলা সৃষ্টি, আর্থিক প্রতারণা, জঙ্গিবাদ, মাদকদ্রব্য পাচার, মানবপাচারসহ নানা অপরাধমূলক কাজে ব্যবহার করা হচ্ছে। এসব চ্যালেঞ্জ মোকাবিলায় পুলিশ সদস্যদের এআই, ডেটা অ্যানালিটিকস, সিসিটিভি নজরদারি, ডিজিটাল ফরেনসিকসসহ অত্যাধুনিক প্রযুক্তির ব্যবহারে দক্ষ করে গড়ে তুলতে হবে। বাহিনীর ভাবমূর্তিকে সমুন্নত রাখতে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। কমিউনিটি পুলিশিং জোরদারকরণ, সেবামুখী মনোভাব গড়ে তোলা এবং মানবাধিকার সমুন্নত রাখার মাধ্যমে পুলিশ-জনগণের সম্পর্ককে আরও দৃঢ় করতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৫.২০২৬ রিহাব)

## সংস্কারের বদলে পুরোনো ব্যবস্থাই টিকিয়ে রাখতে চায় সরকার: নাহিদ

সংস্কারের বদলে পুরোনো ব্যবস্থাই টিকিয়ে রাখতে চায় সরকার, এমন মন্তব্য করে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম বলেছেন, জনগণ কাঠামোগত পরিবর্তনের পক্ষে মত দিয়েছে। কিন্তু ক্ষমতাসীন মহল বেছে বেছে সামান্য কিছু সংশোধনের মাধ্যমে পুরোনো ক্ষমতা কাঠামো টিকিয়ে রাখতে চাইছে। শনিবার (৯ মে) সকালে রাজধানীর একটি হোটেলে `সংস্কার অচলাবস্থা : উত্তরণের পথ, শীর্ষক সংলাপে তিনি এসব কথা বলেন। নাহিদ ইসলাম বলেন, ২০২৪ সালের জুলাই বিপ্লব কোনো সাধারণ আন্দোলন ছিল না, এটি ছিল একটি ঐতিহাসিক জাতীয় জাগরণ। ছাত্র, শ্রমিক, পেশাজীবী, বুদ্ধিজীবী ও সাধারণ মানুষ এমন একটি কর্তৃত্ববাদী ব্যবস্থার বিরুদ্ধে একত্রিত হয়েছিল, যে ব্যবস্থা ক্ষমতা কেন্দ্রীভূত করেছিল, প্রতিষ্ঠানগুলোকে দুর্বল করেছিল, নির্বাচনকে প্রভাবিত

করেছিল এবং মতপ্রকাশের স্বাধীনতা সীমিত করেছিল। তিনি বলেন , বাংলাদেশের জনগণ নামমাত্র সংস্কার নয় , বরং কাঠামোগত পরিবর্তন চেয়েছিল। তারা এমন একটি প্রজাতন্ত্র প্রত্যাশা করেছিল , যেখানে ব্যক্তি নয়, প্রতিষ্ঠান শক্তিশালী হবে, দায়মুক্তির পরিবর্তে জবাবদিহিতা প্রতিষ্ঠিত হবে। নাহিদ ইসলাম বলেন , কর্তৃত্ববাদী সরকারের পতনের পর অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে একটি অন্তর্বর্তী সরকার গঠিত হয়। সেই সরকারের সামনে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান সংস্কার, দমন-পীড়নের শিকারদের বিচার নিশ্চি ত করা এবং গণতান্ত্রিক উত্তরণের পথ তদারকির দায়িত্ব ছিল। তিনি আরও বলেন, এনসিপি শুরু থেকেই নতুন গণতান্ত্রিক সংবিধানের পক্ষে অবস্থান নিয়েছিল। তাদের মতে, ১৯৭২ সালের সংবিধান সময়ের সঙ্গে এমন এক কাঠামোয় রূপ নিয়েছে , যা নির্বাহী ক্ষমতার অতিরিক্ত কেন্দ্রীকরণ এবং রা ষ্ট্রের ওপর একদলীয় আধিপত্যকে শক্তিশালী করেছে। নাহিদের ভাষ্য , রাজনৈতিক দলগুলোর বিরোধিতার কারণে নতুন সংবিধানের প্রস্তাব থেকে সরে আসা হয়। পরে 'জুলাই সনদ,-এর আওতায় ন্যূনতম কিন্তু গুরুত্বপূর্ণ সংস্কারের বিষয়ে রাজনৈতিক দলগুলো একমত হয়। তিনি বলেন , বিচার বিভাগের স্বা ধীনতা, সাংবিধানিক প্রতিষ্ঠানগুলোকে নির্বাহী হস্তক্ষেপ থেকে রক্ষা এবং আনুপাতিক প্রতিনিধিত্বভিত্তিক উচ্চকক্ষ প্রতিষ্ঠাসহ কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় সেই সনদে অন্তর্ভুক্ত ছিল। এনসিপির আহ্বায়ক দাবি করেন, জুলাই সনদ ও ৪৮টি সংস্কার প্রস্তাবের ওপর অনুষ্ঠিত গণভোটে জনগণ বিপুল সমর্থন দেয়। গণভোট অনুযায়ী , নবনির্বাচিত সংসদ সদস্যদের সমন্বয়ে একটি সাংবিধানিক সংস্কার পরিষদ গঠনের কথা ছিল, যা ১৮০ কার্যদিবসের মধ্যে সংস্কার প্রক্রিয়া সম্পন্ন করবে। তিনি অভিযোগ করেন , নির্বাচনের আগে বিএনপি এই কাঠামোর পক্ষে থাকলেও , ক্ষমতায় আসার পর তা রা অবস্থান পরিবর্তন করেছে। সরকার এখন সাংবিধানিক সংস্কার পরিষদ গঠন করতে অস্বীকৃতি জানাচ্ছে বলেও দাবি করেন তিনি। নাহিদ ইসলাম বলেন , অন্তর্বর্তী সময়ে প্রণীত কয়েকটি গুরুত্বপূর্ণ সংস্কার অধ্যাদেশ বাতিল করা হয়েছে। এর মধ্যে মানবাধিকার কমিশন শক্তিশালী করা, দুর্নীতি দমন কমিশনে স্বচ্ছ নিয়োগ নিশ্চিত করা , গুম প্রতিরোধ, পুলিশি তদারকি সংস্কার এবং বিচার বিভাগের স্বাধীনতা রক্ষাসংক্রান্ত উদ্যোগও রয়েছে। তার ভাষ্য , একই সময়ে নির্বাহী ক্ষমতা বাড়ায় - এমন কিছু আইন ও বিধান বহাল রাখা হয়েছে কিংবা নতুনভাবে প্রণয়ন করা হয়েছে। এর ফলে আবা রও কেন্দ্রীয়ভিত্তিক শাসনব্যবস্থার দিকে ফিরে যাওয়ার আশঙ্কা তৈরি হয়েছে। সংবিধান সংশোধনের বিষয়ে তিনি বলেন , সাধারণ সংসদীয় প্রক্রিয়ায় মৌলিক সাংবিধানিক পরিবর্তন আনার চেষ্টা ভবিষ্যতে নতুন রাজনৈতিক ও সাংবিধানিক সংকট তৈরি করতে পারে। এ কারণে গণভোটের ম্যান্ডেট অনুযায়ী দ্রুত সাংবিধানিক সংস্কার পরিষদ গঠনের দাবি জানায় এনসিপি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৫.২০২৬ রিহাব)

## ব্রাহ্মণবাড়িয়া সীমান্তে বিএসএফের গুলিতে দুই বাংলাদেশি নিহত

ব্রাহ্মণবাড়িয়ার কসবা সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) গুলিতে আরও এক বাংলাদেশি নিহতের খব র পাওয়া গেছে। এ পর্যন্ত দু ইজন নিহতের খবর পাওয়া গেল। শুক্রবার (৮ মে) গভীর রাতে উপজেলার গোপীনাথপুর ইউনিয়নের পাথারিয়াদ্বার সীমান্তে এ গুলির ঘটনা ঘটে। নি হত মোরছালিন গোপীনাথপুর ইউনিয়নের ধজনগরের বাতেনবাড়ি গ্রামের হেবজু মিয়ার ছেলে। তিনি গোপীনাথপুর শাহআলম ডিগ্রি কলেজের এইচএসসি দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী বলে স্থানীয় সূত্রে জানা গেছে। আরেক নিহত নবীর হোসে নের (৪০) বাড়ি মধুপুর গ্রামে। দুই জনের মরদেহ আগরতলার জিবি হাসপাতালে রয়েছে বলে পারিবারিক সূত্র জানায়। একই ঘটনায় একাধিক বাংলাদেশি তরুণ আহত হয়েছেন। তবে তাদের পরিচয় নিশ্চিত হওয়া যায়নি। চিকিৎসার জন্য তাদেরকে কুমিল্লায় নেওয়া হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৫.২০২৬ রিহাব)

## ভূমি উন্নয়ন কর নিয়ে আপত্তি ৭ দিনের মধ্যে নিষ্পত্তির নির্দেশ

ভূমি উন্নয়ন করসংক্রান্ত আপত্তিসমূহ সাতদিনের মধ্যে নিষ্পত্তির নির্দেশ দেওয়া হয়েছে। ভূমি মন্ত্রণালয় থেকে সম্প্রতি দেশের সব সহকারী কমিশনার (ভূমি) বা এসিল্যান্ডকে পাঠানো চিঠিতে এসব নির্দেশনা দেওয়া হয়েছে। ভূমি উন্নয়ন কর আদায় কার্যক্রম জোরদার ও সেবার গতি বাড়াতে হোল্ডিং খোলার আবেদন যাচাই শেষে সর্বোচ্চ ৪৮ ঘণ্টার মধ্যে নিষ্পত্তি করারও নির্দেশনা দেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৫.২০২৬ রিহাব)

## লন্ডনের উদ্দেশ্যে ঢাকা ছাড়লেন রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ফলো -আপ চিকিৎসা ও স্বাস্থ্য পরীক্ষার জন্য লন্ডনের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেছেন। বঙ্গভবনের প্রেস উইংয়ের বরাত দিয়ে বাংলাদেশ বার্তা সংস্থা (বাসস) জানায়, আজ শনিবার (৯ মে) সকাল ৭টা ৪৫ মিনিটে রাষ্ট্রপতিকে বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইনসের নিয়মিত বাণিজ্যিক ফ্লাইট বিজি -২০১ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ছেড়ে যায়। বিমানবন্দরে তাকে বিদায় জানান আইন , বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান, ডিপ্লোমেটিক কোরের ডিন ইউসুফ এস ওয়াই রমাদান, ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক এবং পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতির কার্যালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা। রাষ্ট্রপতির পরিবারের সদস্য , রাষ্ট্রপতির চিকিৎসকরা, স্টাফ নার্স ও বঙ্গভবনের সংশ্লিষ্ট কর্মকর্তা -কর্মচারীরা এ সফরে রাষ্ট্রপতির সঙ্গে রয়েছেন। চিকিৎসকের পরামর্শক্রমে ফলো-আপ হিসেবে যুক্তরাজ্যের একটি বিশেষায়িত হাসপাতালে রাষ্ট্রপতির প্রয়োজনীয় স্বাস্থ্য পরীক্ষা করা

হবে। চিকিৎসা শেষে আগামী ১৮ মে রাষ্ট্রপতির দেশে ফেরার কথা রয়েছে। এর আগে , ২০২৩ সালের অক্টোবরে সিঙ্গাপুরে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের কার্ডিয়াক বাইপাস সার্জারি সম্পন্ন হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৫.২০২৬ রিহাব)

## লোহাগাড়ায় দুই বাসের মুখোমুখি সংঘর্ষে নিহত৪

চট্টগ্রামের লোহাগাড়ায় যাত্রীবাহী দুটি বাসের মুখোমুখি সংঘর্ষে চারজন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন অন্তত ১৫ জন। আহতদের বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে। শনিবার (৯ মে) বেলা ১১টার দিকে চট্টগ্রাম - কক্সবাজার মহাসড়কের লোহাগাড়া উপজেলার চুনতি ইউনিয়নের হোটেল ফোর সিজনের সামনে এ দুর্ঘটনা ঘটে। পুলিশ ও স্থানীয় সূত্র জানায় , চট্টগ্রামমুখী মারসা পরিবহণের একটি বাসের সঙ্গে কক্সবাজারগা মী একই পরিবহণের আরেকটি বাসের মুখোমুখি সংঘর্ষ হয়। সংঘর্ষের পর একটি বাস নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশের একটি দোকানে ঢুকে পড়ে। এতে বাস দুটির সামনের অংশ দুমড়ে -মুচড়ে যায়। দুর্ঘটনার পর স্থানীয় লোকজন ও পুলিশ উদ্ধার অভিযান চালায়। ঘটনাস্থল থেকে এক নারীর মরদেহ উদ্ধার করা হয়। গুরুতর আহতদের লোহাগাড়া ট্রমা সেন্টারসহ বিভিন্ন হাসপাতালে নেওয়া হলে সেখানে আরও তিনজন মারা যান। নিহতদের পরিচয় তাৎক্ষণিকভাবে জানা যায়নি। লোহাগাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আব্দুল্লাহ দুর্ঘটনার বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, আহতদের দ্রুত হাসপাতালে পাঠানো হয়েছে এবং দুর্ঘটনার কারণ খতিয়ে দেখা হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৫.২০২৬ রিহাব)

## চুরির অপবাদে কিশোরীকে খুঁটিতে বেঁধে নির্যাতন, অপমানে আত্মহত্যা

পাবনার চাটমোহরে ১২০ টাকা চুরির অপবাদ দিয়ে খুঁটিতে বেঁধে নির্যাতনের অপমান সইতে না পেরে শ্রাবন্তী খাতুন (১৪) নামে এক কিশোরী আত্মহত্যা করেছে। শুক্রবার (৯ মে) বিকালে উপজেলার নিমাইচড়া ইউনিয়নের চিনাভাতকুর গ্রামে এ ঘটনা ঘটে। অভিযোগ পেয়ে সেদিনই মূল অভিযুক্ত হান্নান মোল্লাকে (৪৫) আটক করেছে পুলিশ। নিহত শ্রাবন্তী ওই গ্রামের দিনমজুর আলতাব হোসেনের মেয়ে। প্রায় এ ক বছর ধরে সে প্রতিবেশী হান্নান মোল্লার বাড়িতে গৃহকর্মীর কাজ করত। স্থানীয় ও পারিবারিক সূত্রে জানা গেছে, শুক্রবার সকালে হান্নান মোল্লার ঘরের আলমারির ড্রয়ার থেকে ১২০ টাকা হারিয়ে যায়। এ ঘটনায় শ্রাবন্তীকে সন্দেহ করেন হান্নান মোল্লা ও তার স্ত্রী রুবিয়া খাতুন। এক পর্যায়ে তার দুই হাত খুঁটির সঙ্গে বেঁধে লাঠি দিয়ে মারধর করেন অভিযুক্ত ব্যক্তিরা। নির্যাতনের মাধ্যমে তার থেকে চুরির স্বীকারোক্তি আদায়ের চেষ্টা করা হয় বলে অভিযোগ উঠেছে। এ সময় ঘটনার ভিডিও মোবাইল ফোনে ধারণ করেন উপস্থিত কয়েকজন প্রতিবেশী। স্থানীয়দের ভাষ্য , সবার সা মনে এমন অপমান ও নির্যাতনের ঘটনায় মানসিকভাবে ভেঙে পড়ে শ্রাবন্তী। পরে বাড়ি ফিরে পরিবারের অগোচরে ঘরের আড়ার সঙ্গে গলায় ফাঁস দেয় সে। পরে পরিবারের সদস্যরা তার ঝুলন্ত মরদেহ দেখতে পেয়ে পুলিশে খবর দেন। চাটমোহর থানা -পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করে মর্গে পাঠায় ময়নাতদন্তের জন্য। আটক করা হয় হান্নান মোল্লাকে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৫.২০২৬ রিহাব)

## তিন সন্তান-শ্যালককে হত্যা, স্ত্রীর মরদেহ বেধে রাখা হয় জানালায়

গাজীপুরের কাপাসিয়ায় একই পরিবারের পাঁচজনকে গলা কেটে হত্যা করেছে দুর্বৃত্তরা। শনিবার (৯ মে) ভোরে উপজেলার রাউৎকোনা গ্রামে এ ঘটনা ঘটে। নিহতরা হলেন- গৃহকর্তার তিন সন্তান, স্ত্রী ও শ্যালক। ঘটনার পর থেকে গৃহকর্তা ফোরকান মিয়া পলাতক রয়েছেন। নিহতরা ওই এলাকার প্রবাসী মনির হোসেনের বাড়ির ভাড়াটিয়া। তাদের বিস্তারিত নাম-পরিচয় জানা যায়নি। স্থানীয়রা জানিয়েছেন , ভোরে ঘরের মে ঝেতে তিন শিশু , নারী ও এক যুবকের মরদেহ পড়ে থাকতে দেখা যায়। খবর ছড়িয়ে পড়লে আশপাশের লোকজন ঘটনাস্থলে ভিড় করেন। একই পরিবারের পাঁচজনের নির্মম মৃত্যুর ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। কাপাসিয়া -কালীগঞ্জ সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার আসাদুজ্জামান জানান , প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে , বাড়ির গৃহকর্তা ফোরকান মিয়াই এ হত্যাকাণ্ড ঘটিয়েছেন। তিনি তার তিন সন্তান , স্ত্রী ও শ্যালককে জবাই করে হত্যা করেছেন বলে অভিযোগ রয়েছে। ঘটনার পর থেকেই ফোরকান পলাতক রয়েছেন। হত্যাকাণ্ডের শিকার তিন শিশু ঘরের মে ঝেতে, শ্যালকের মরদেহ খাটের উপরে এবং এক নারীকে হত্যার পর তার লাশ জানালা র গ্রিলের সঙ্গে বে ধে রাখা হয়। খবর পেয়ে সকালে কাপাসিয়া থানার পুলিশ ঘটনাস্থলে যায়। মরদেহগুলো উদ্ধার করে। ময়নাতদন্তের জন্য মরদেহ গাজীপুর শহীদ তাজউদ্দিন আহমদ মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৫.২০২৬ রিহাব)

## সাজেক-দীঘিনালা সীমান্তে ইউপিডিএফ কর্মীকে গুলি করে হত্যা

রাঙামাটির বাঘাইছড়ি উপজেলার সাজেক ও খাগড়াছড়ির দীঘিনালা উপজেলার সীমান্তবর্তী দুর্গম শুকনাছড়া এলাকায় গুলিতে হেগেরা চাকমা নামে প্রসীত খীসার নেতৃত্বা ধীন ইউপিডিএফের এক কর্মী নিহত হয়েছেন। শনিবার (৯ মে) ভোর আনুমানিক ৬টা ৫০ মিনিটের দিকে এই হত্যাকাণ্ডের ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা গেছে , সকালে সাজেকের

মারিশ্যা-দীঘিনালা সড়কের শুকনাছড়া এলাকায় কয়েকজন সশস্ত্র সন্ত্রাসী অবস্থান নেয়। হেগেরা চাকমা ওই এলাকা দিয়ে যাওয়ার সময় তাকে লক্ষ্য করে কয়েক রাউন্ড গুলি ছোড়া হয়। প্রাণ বাঁচাতে তিনি পালানোর চেষ্টা করলে সন্ত্রাসীরা তাকে ধাওয়া করে গুলি করে। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। স্থানীয়রা জানান, নিহত হেগেরা চাকমা ওই এলাকায় ইউপিডিএফ (প্রসিত) গ্রুপের কালেক্টর হিসেবে পরিচিত ছিলেন। এই হত্যাকাণ্ডের বিষয়ে ইউপিডিএফের মুখপাত্র অংগ্য মারমা সংবাদমাধ্যমকে বলেন, সশস্ত্র সন্ত্রাসী জ্যাকসন চাকমার নেতৃত্বে চার-পাঁচ জনের একটি সশস্ত্র গ্রুপ শুকনাছড়ি এলাকায় অতর্কিত হামলা চালায়। এ সময় তারা আমাদের নিরপরাধ কর্মী হেগেরা চাকমাকে গুলি করে নির্মমভাবে হত্যা করেছে। আমরা এই বর্বরোচিত ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। একইসঙ্গে ঘটনায় জড়িতদের দ্রুত গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করছি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৫.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে ১৫০ রাউন্ড গুলিসহ গ্রেফতার ২

চট্টগ্রাম নগরে অভিযান চালিয়ে ১৫০ রাউন্ড বিদেশি পিস্তলের তাজা গুলিসহ দুইজনকে গ্রেফতার করেছে চট্টগ্রাম মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। শুক্রবার (৮ মে) নগরের খুলশী ও চকবাজার থানায় পৃথক এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতার ব্যক্তিরা হলেন - মো. ফয়সাল আহমেদ রনি (৪০) ও আমিনুল হক বাপ্পী (৩৯)। পুলিশ জানায়, মহানগর গোয়েন্দা পুলিশের (উত্তর) টিম-৩২ গোপন সংবাদের ভিত্তিতে খুলশী থানার ওয়াসা মোড় এলাকার একটি ফাস্টফুড দোকানে অভিযান চালায়। সেখানে ফয়সাল আহমেদ রনির কাছ থেকে ১৩৯ রাউন্ড বিদেশি পিস্তলের তাজা গুলি উদ্ধার করা হয়। গুলিগুলো ভারতে তৈরি বলে জানিয়েছে পুলিশ। পরে তার দেওয়া তথ্যের ভিত্তিতে চকবাজার থানার দামপাড়া এলাকায় আরেকটি অভিযান চালিয়ে আমিনুল হক বাপ্পীকে গ্রেফতার করা হয়। এ সময় তার কাছ থেকে আরও ১১ রাউন্ড বিদেশি পিস্তলের গুলি উদ্ধার করা হয়। পুলিশ জানায়, জব্দ করা গুলির উৎস ও গন্তব্য সম্পর্কে জিজ্ঞাসাবাদে গ্রেফতার ব্যক্তিরা জানিয়েছেন, পার্বত্য অঞ্চলের বিভিন্ন উৎস থেকে গুলি সংগ্রহ করে তা চট্টগ্রাম মহানগরে অপরাধমূলক কর্মকাণ্ডে ব্যবহারের উদ্দেশ্যে নিজেদের কাছে রেখেছিলেন। গ্রেফতার ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে বলে জানিয়েছে পুলিশ।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৫.২০২৬ রিহাব)

## শিক্ষার মান উন্নত করতে শিক্ষকদের মানোন্নয়ন জরুরি: শিক্ষামন্ত্রী

দেশের শিক্ষার মানোন্নয়নে সবার আগে শিক্ষকদের দক্ষতা ও মানোন্নয়ন জরুরি বলে জানিয়েছেন, শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন, শিক্ষার মান উন্নত করতে হলে শিক্ষকদের মানোন্নয়ন ঘটাতে হবে। এ জন্য চীনের সঙ্গে যৌথ উদ্যোগে সাধারণ ও কারিগরি শিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা নেওয়া হয়েছে। আমরা চাই, চীনের সঙ্গে বাংলাদেশের সম্পর্কের সেতুবন্ধন আরও সুদৃঢ় হোক। সেই সেতুর অন্যতম প্রধান ভিত্তি হবে শিক্ষা। শনিবার (৯ মে) সকালে রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ঢাকায় চীনা দূতাবাস এবং চায়না-বাংলাদেশ এডুকেশন অ্যান্ড কালচারাল এক্সচেঞ্জ অ্যাসোসিয়েশন অনুষ্ঠানের আয়োজন করে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৫.২০২৬ রিহাব)

## ৭ জেলায় বজ্রপাতের আশঙ্কা, সতর্ক থাকার পরামর্শ

দেশের সাত জেলায় বজ্রপাত ও ঝোড়ো হাওয়াসহ বৃষ্টির আশঙ্কা রয়েছে বলে সতর্কবার্তা দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। শনিবার (৯ মে) সন্ধ্যা ৬টার মধ্যে এসব এলাকায় কালবৈশাখি ঝড় ও বজ্রবৃষ্টি হতে পারে। আবহাওয়া অফিস জানিয়েছে, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, পিরোজপুর, বরগুনা, নীলফামারী ও পঞ্চগড় জেলার কিছু স্থানে ঝোড়ো হাওয়াসহ বজ্রবৃষ্টি বা বৃষ্টি হতে পারে। এ সময় সবাইকে সতর্ক থাকার পরামর্শ দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। বিশেষ করে বজ্রপাতের সময় ঘরের বাইরে না যেতে অনুরোধ জানানো হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৫.২০২৬ রিহাব)

## জনস্বাস্থ্য সুরক্ষা ও নিরাপদ খাদ্য নিশ্চিতে সমন্বিত উদ্যোগ প্রয়োজন: মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকু বলেছেন, নিরাপদ খাদ্য নিশ্চিত করতে হলে সমাজের প্রতিটি স্তরে সচেতনতা বৃদ্ধি করতে হবে। তিনি বলেন, জনস্বাস্থ্য সুরক্ষা ও নিরাপদ খাদ্য নিশ্চিতে সরকারি-বেসরকারি সব প্রতিষ্ঠানের সমন্বিত উদ্যোগ প্রয়োজন। শনিবার (৯ মে) ঢাকা রিজেন্সি হোটেল অ্যান্ড রিসোর্টে আয়োজিত ৮ম জাতীয় বৈজ্ঞানিক সম্মেলন 'ফুড সেফটি অ্যান্ড হেলথ, অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। 'ইনশিউরিং সেফ ফুড ফর অ্যা সাসটেইনেবল ফিউচার, প্রতিপাদ্যে এই সম্মেলনের আয়োজন করে বাংলাদেশ সোসাইটি ফর সেফ ফুড (বিএসএসএফ)। প্রতিমন্ত্রী বলেন, খাদ্যে ক্ষতিকর উপাদান ও অ্যান্টি-বায়োটিকের অনিয়ন্ত্রিত ব্যবহার জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি সৃষ্টি করছে। দেশে নিরাপদ খাদ্য ও পুষ্টি নিশ্চিতে গবেষণার গুরুত্ব অত্যন্ত বেশি। জীববৈচিত্র্য ও প্রাকৃতিক সম্পদ সংরক্ষণে গবেষণা কার্যক্রম আরও জোরদার করার আহ্বান জানিয়ে তিনি

বলেন, একসময় `মাছে-ভাতে বাঙালি, হিসেবে পরিচিত বাংলাদেশে মাছের উৎপাদন ও জীববৈচিত্র্য রক্ষায় কার্যকর পদক্ষেপ নিতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৫.২০২৬ রিহাব)

## বাংলাদেশে কেমব্রিজের প্রশ্নফাঁস, নানান দেশে এএস লেভেলের পরীক্ষা বাতিল

প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ প্রমাণিত হওয়ায় ই উরোপ, আফ্রিকা, এশিয়াসহ বিভিন্ন অঞ্চলে এএস (অ্যাডভান্স সাবসিডিয়ারি) লেভেলের গণিত পরীক্ষা বাতিল করেছে কেমব্রিজ ইন্টারন্যাশনাল। গত ২৯ এপ্রিলের পরীক্ষার প্রশ্ন আগেই সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার প্রমাণ পাওয়ার পর , এ সিদ্ধান্ত নেওয়া হয়। একইসঙ্গে আগামী ৯ জুন নতুন প্রশ্নপত্রে পুনরায় পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত হয়েছে। তবে আগের নির্ধারিত ১১ আগস্টেই ফল প্রকাশ করা হবে। বৃহস্পতিবার (৭ মে) এসব সিদ্ধান্ত নেয় কেমব্রিজ কর্তৃপক্ষ। এ সিদ্ধান্তের আওতায় আফ্রিকা, ইউরোপ, মধ্যপ্রাচ্য এবং বাংলাদেশ, পাকিস্তানসহ দক্ষিণ এশিয়ার বিভিন্ন অঞ্চল রয়েছে। এছাড়া কম্বোডিয়া , ইন্দোনেশিয়ার কিছু অংশ , লাওস, মিয়ানমার, থাইল্যান্ড ও ভিয়েতনামেও একই ব্যবস্থা কার্যকর হবে। ফাঁস হওয়া প্রশ্নপত্রটি বাংলাদেশ থেকে ছড়িয়েছে বলে প্রাথমিকভাবে ধারণা করছে কেমব্রিজ কর্তৃপক্ষ। তবে কোন ফেসবুক পেজ , আইডি বা গ্রুপে তা প্রথ ম দেওয়া হয়েছিল, সেটি জানায়নি তারা। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৫.২০২৬ রিহাব)

## বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাদের সঙ্গে প্রধানমন্ত্রীর মতবিনিময়

রাজধানীর খামারবাড়ির কৃষিবিদ মিলনায়তনে আজ (শনিবার) সকালে বিএনপি এবং এর অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাদের সঙ্গে মতবিনিময় করছেন প্র ধানমন্ত্রী ও বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে , শনিবার (৯ মে) সকাল ১০টা ২০ মিনিটে এ সভা শুরু হয়। এতে বিএনপি, যুবদল, স্বেচ্ছাসেবক দল ও জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় এবং জেলা পর্যায়ে সুপার টু নেতাদের নিয়ে মতবিনিময় অনুষ্ঠান চলছে। সভায় অন্যদের মধ্যে উপস্থিত রয়েছেন বিএনপি মহাসচিব ও স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর , বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য ড. খন্দকার মোশাররফ হোসেন ও ড. আব্দুল মঈন খান।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৫.২০২৬ রিহাব)

## জুলাই যোদ্ধাদের দেখতে ব্যাংককে জামায়াত আমির

থাইল্যান্ডের ব্যাংককে চিকিৎসাধীন জুলাই যোদ্ধাদের খোঁজ -খবর নিতে যান বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। শনিবার (৯ মে) ব্যাংককের ভেজথানি ইন্টারন্যাশনাল হাসপাতালে তিনি জুলাই যোদ্ধাদের সঙ্গে সাক্ষাৎ করেন। হাস পাতালে চিকিৎসার সার্বিক অবস্থা সম্পর্কে খোঁজ-খবর নেন ডা. শফিকুর রহমান। এ সময় তিনি সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলেন এবং আহতদের সর্বোচ্চ চিকিৎসাসেবা নিশ্চিত করার অনুরোধ জানান। বিরোধীদলীয় নেতা আহত জুলাই যোদ্ধাদের সাহস ও আত্মত্যাগের ভূয়সী প্রশংসা করেন এবং তাদের দ্রু ত ও পরিপূর্ণ সুস্থতা কামনা করেন। তিনি মহান আল্লাহর দরবারে তাদের আরোগ্য কামনা করে বিশেষ দোয়া করেন। এ সময় বিরোধীদলীয় নেতার সঙ্গে উপস্থিত ছিলেন তার পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা ব্যারিস্টার মীর আহমাদ বিন কাসেম আরমান , এমপি। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৫.২০২৬ রুবাইয়া)

## জ্বালানি সংকটে শিল্প খাতে উদ্ভাবনী সমাধান ও সমন্বিত উদ্যোগের তাগিদ

দেশের শিল্পখাতের বিকাশে এক সময় সস্তা গ্যাস ও শ্রম বড়ো শক্তি হিসেবে কাজ করলেও , এখন সেই পরিস্থিতি আর নেই। প্রতি বছর দেশীয় গ্যাস উত্তোলন কমছে ১০০ এমএমসিএফ (মিলিয়ন মেট্রিক কিউবিক ফিট ) হারে। এমন প্রেক্ষাপটে শিল্প ও কর্মসংস্থান টিকিয়ে রাখতে হলে আমদানিনির্ভর তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের (এলএনজি) পাশাপাশি সৌরশক্তি ও জ্বালানি সাশ্রয়ী প্রযুক্তির দিকে নজর দেওয়ার বিকল্প নেই। বাংলাদেশে জ্বালানির ভবিষ্যৎ নিয়ে শনিবার (৯ মে) রাজধানীর মতিঝিলে বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই) আয়োজিত এক গোলটেবিল আলোচনায় বক্তারা এসব কথা বলেন। বাংলাদেশ টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি সমিতি (বিএসআরইএ) ও গ্রিনটেক ফাউন্ডেশনের সহযোগিতায় এই সভা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ও পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টারের (পিপিআরসি) নির্বাহী চেয়ারম্যান ড. হোসেন জিল্লুর রহমান বলেন, ”আমাদের জ্বালানি নিরাপত্তায় গতানুগতিক চিন্তার বাইরে এসে নতুন ও উদ্ভাবনী আইডিয়া নিয়ে কাজ করতে হবে। বিশেষ করে , ল্যান্ড-বেজড এফএসআরইউ (ফ্লোটিং স্টোরেজ অ্যান্ড রিগ্যাসি ফিকেশন ইউনিট ) এবং জ্বালানি সাশ্রয়ী যন্ত্রপাতির ব্যবহারে আমাদের আরও উদ্যোগী হতে হবে। „ তিনি আরও বলেন, ”সমন্বয়ের অভাব আমাদের বড়ো সংকট। জ্বালানি পরিস্থিতি পর্যবেক্ষণে সরকারি-বেসরকারি অংশীদারিত্বে (পিপিপি) একটি মনিটরিং সেল গঠন করা যেতে পারে। ব্যবসায়ী ও সরকার এক সঙ্গে কাজ করলে জ্বালানি সমস্যার টেকসই সমাধান সম্ভব। „ বিসিআই সভাপতি আনোয়ার-উল আলম চৌধুরী পারভেজ তার বক্তব্যে বর্তমান সংকটের চিত্র তুলে ধরেন। তিনি বলেন , ”শিল্প ও কর্মসংস্থানের জন্য জ্বালানিই সবচেয়ে গুরুত্বপূর্ণ। ২০২২ সালের পর থেকে আমরা আর সস্তা জ্বালানির সুবি ধা পাচ্ছি না। তবে , আমাদের ইতিবাচক মনোভাব নিয়ে এগোতে হবে। সরকারের প্রতি সুনির্দিষ্ট প্রস্তাব দেওয়ার ওপর গুরুত্ব দিয়ে তিনি

বলেন, ”আমরা যেমন চাই না শিল্প বন্ধ হোক , সরকারও তা চায় না। সংকট থেকে উত্তরণে আমাদের সুনির্দিষ্ট ও কারিগরি প্রস্তাব নিয়ে সরকারকে বোঝাতে হবে, যাতে তারা বিষয়টিকে ইতিবাচকভাবে নেয়।„ ইনস্টিটিউট ফর এনার্জি ইকোনমিকসের লিড অ্যানালিস্ট শফিকুল আলম অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। মুক্ত আলোচনায় আরও অংশ নেন বাংলাদেশ ইনডিপেনডেন্ট পাওয়ার প্রডিউসারস অ্যাসোসিয়েশনের (বিআইপিপিএ) সভাপতি ডেভিড হাসানাত , বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতির (বিজিএমইএ) সিনিয়র সহ -সভাপতি ইনামুল হক খান , বিএসআরইএ সভাপতি মোস্তফা আল মাহমুদসহ সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিরা।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৫.২০২৬ রুবাইয়া)

## কামিল পরীক্ষার ফল রোববার, অপেক্ষায় ৪২ হাজার শিক্ষার্থী

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের (ইআবি) অধীন কামিল মাদ্রাসার দুই বছর মেয়াদি কামিল (স্নাতকোত্তর) ২০২৪ সালের পরীক্ষার ফলাফল রোববার (১০ মে) প্রকাশ করা হবে। পরীক্ষা শেষ হওয়ার প্রায় তিন মাস পর ফল প্রকাশ করা হচ্ছে। শনিবার (৯ মে) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের (ইআবি) পরীক্ষা নিয়ন্ত্রক ও উপ -উপাচার্য অধ্যাপক ড . মোহাম্মদ শহীদুল ইসলাম এ তথ্য জানিয়েছেন। বিশ্ববিদ্যালয় সূত্র জানায় , ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে দুই বছর মেয়াদি কামিল (স্নাতকোত্তর) প্রথম ও দ্বিতীয় পর্বের ২০২৪ সালের পরীক্ষা গত ৩ জানুয়ারি শুরু হয়, যা শেষ হয় ৯ ফেব্রুয়ারি। সারা দেশের ১৬৭ কেন্দ্রে অনুষ্ঠিত এই পরীক্ষায় ৪২ হাজার ৩৩৯ জন শিক্ষার্থী অংশ নেন। প্রায় তিন মাস পর তারা ফল পেতে যাচ্ছেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৫.২০২৬ রুবাইয়া)

## মোড়কজাত খাদ্যে অতিরিক্ত চিনি ও লবণ শনাক্তে স্বাস্থ্য সতর্কবার্তা জরুরি

মোড়কজাত খাদ্যে অতিরিক্ত চিনি , লবণ ও ক্ষতিকর চর্বির উপস্থিতি সহজে বোঝার জন্য কার্যকর ফ্রন্ট অব প্যাক লেবেলিং (এফওপিএল) ব্যবস্থা চালু করা এখন সময়ের দাবি। ফ্রন্ট অব প্যাক লেবেলিং এমন একটি পদ্ধতি , যেখানে খাদ্যপণ্যের মোড়কের সামনের অংশে সহজ ভাষা , চিহ্ন বা সতর্কবার্তার মাধ্যমে জানিয়ে দেওয়া হয় - কোনো পণ্যে চিনি, লবণ (সোডিয়াম), স্যাচুরেটেড ফ্যাট কিংবা ট্রান্স -ফ্যাটের মাত্রা অতিরিক্ত কি না। এর ফলে ভোক্তারা দ্রুত ও সহজে সিদ্ধান্ত নিতে পারেন এবং স্বাস্থ্যসম্মত খাদ্য বেছে নিতে উদ্বুদ্ধ হন। শনিবার (৯ মে) রাজধানীর বিশ্ব সাহিত্য কেন্দ্রে `জনস্বাস্থ্য রক্ষায় ও ভোক্তা অধিকার নিশ্চিতে ফ্রন্ট অব প্যাক লেবেলিং : বিদ্যমান আইন ও নীতি , শীর্ষক অনুষ্ঠানে বক্তারা এসব কথা বলেন। অনুষ্ঠানের আয়োজন করে সেন্টার ফর ল , অ্যান্ড পলিসি অ্যাফেয়ার্স (সিএলপিএ), পাবলিক হেলথ ল , ইয়ার্স নেটওয়ার্ক , ডাব্লিউবিবি ট্রাস্ট এবং সিটিজেন নেটওয়ার্ক - সিনেট। মূল প্রবন্ধ উপস্থাপনা করেন সেন্টার ফর ল, অ্যান্ড পলিসি অ্যাফেয়ার্সের সেক্রেটারি অ্যাডভোকেট সৈয়দ মাহবুবুল আমল।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৫.২০২৬ রুবাইয়া)

## ভারত-চীনের মধ্যে ফুটবল হবো না, তবে ফেয়ার প্লে নিশ্চিতে রেফারি হতে পারি

বর্তমান সরকার জাতীয় স্বার্থ, ভারসাম্য ও বাস্তবমুখিতার ভিত্তিতে `বাংলাদেশ ফার্স্ট, পররাষ্ট্রনীতি অনুসরণ করবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির। ভারত , চীন ও মার্কিন যুক্তরাষ্ট্রসহ বিশ্বের প্রধান শক্তিগুলোর সঙ্গে গঠনমূলক সম্পর্ক বজায় রাখা হবে জানিয়ে তিনি বলেন , আমরা ভারত ও চীনের মধ্যে কোনো ফুটবল হবো না। তবে ফেয়ার প্লে নিশ্চিত করতে আমরা মাঝে মাঝে রেফারি হতে পারি। শনিবার (৯ মে) `বাংলাদেশ ফার্স্ট : এ ফরেন পলিসি আউটলুক ফর এ নিউ বাংলাদেশ, শীর্ষক এক গোলটেবিল বৈঠকে তিনি এসব কথা বলেন। এ গোলটেবিল বৈঠকের আয়োজন করে বাংলাদেশ ইনস্টিটিউট অব পিস অ্যান্ড সিকিউরিটি স্টাডিজ (বিআইপিএসএস)। কূটনীতিক, শিক্ষাবিদ ও নীতি বিশেষজ্ঞদের বিভিন্ন প্রশ্নের জবাবে হুমায়ুন কবির বলেন , সরকার কোনো একক দেশের ওপর নির্ভরশীলতা এড়িয়ে চলবে। এর পরিবর্তে একটি `নমনীয় ও বহুমুখী, কূটনৈতিক পন্থা অনুসরণ করা হবে। ঢাকা, বেইজিং ও নয়াদিল্লির মধ্যকার সম্পর্ক নিয়ে এক প্রশ্নের জবাবে তিনি আবারও বলেন , আমরা ভারত ও চীনের মধ্যে কোনো ফুটবল হবো না। ফেয়ার প্লে নিশ্চিত করতে আমরা মাঝে মাঝে রেফারি হতে পারি , কিন্তু আমরা ফুটবল হবো না। চীনকে বাংলা দেশের জন্য একটি `গুরুত্বপূর্ণ উন্নয়ন সহযোগী , হিসেবে বর্ণনা করে প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা জানান, তার সাম্প্রতিক বেইজিং সফর ছিল খুবই ইতিবাচক। একইসঙ্গে তিনি জোর দিয়ে বলেন , ভারত এবং অন্যান্য সব পরাশক্তির সঙ্গে ভারসাম্যপূর্ণ সম্পর্ক বজায় রাখবে বাং লাদেশ। হুমায়ুন কবির আরও বলেন , ওয়াশিংটন, বেইজিং বা দিল্লি - সবার সঙ্গেই আমাদের ভারসাম্যপূর্ণ সম্পর্ক থাকবে। নতুন সরকারের গণতান্ত্রিক বৈধতা আন্তর্জাতিকভাবে বাংলাদেশকে আলোচনার টেবিলে আরও শক্তিশালী অবস্থানে নিয়ে এসেছে জানিয়ে প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা বলেন , আমরা জনগণের ম্যান্ডেট নিয়ে আসা একটি বৈধভাবে নির্বাচিত সরকার। এটি আমাদের আলোচনার ক্ষেত্রে শক্তিশালী অবস্থানে রাখে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৫.২০২৬ রুবাইয়া)

## পুলিশ সপ্তাহ শুরু আজ, শেষ মুহূর্তে পদক প্রদান স্থগিত

`আমার পুলিশ, আমার দেশ, সবার আগে বাংলাদেশ, প্রতিপাদ্য নিয়ে আজ রোববার (১০ মে) থেকে শুরু হচ্ছে পুলিশ সপ্তাহ-২০২৬। এ উপলক্ষ্যে এবার চারদিনব্যাপী নানান অনুষ্ঠানমালা চলবে। তবে পুলিশের সবচেয়ে বড়ো এ অনুষ্ঠানের আগ মুহূর্তে `বাংলাদেশ পুলিশ পদক (বিপিএম), ও `রাষ্ট্রপতির পুলিশ পদক (পিপিএম), প্রদান স্থগিত করা হয়েছে। কৃতিত্বপূর্ণ কাজের স্বীকৃতি হিসেবে এ বছর পুলিশ সপ্তাহে পদক পাওয়ার কথা ছিল বাহিনীর ১০৯ জন সদস্যের। জানা গেছে, পুলিশ সদর দপ্তর থেকে পাঠানো তালিকায় অস্বচ্ছতা এবং বিতর্কিত পুলিশ সদস্যদের নাম থাকায় পদক প্রদান কার্যক্রম স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে স্থগিত করা হয়। দীর্ঘদিন থেকেই পুলিশে পদক প্রদান নিয়ে বিতর্ক রয়েছে। বিশেষ করে, গত ১৮ বছরে বাহিনীর প্রধান থেকে শুরু করে পুলিশের শীর্ষ কর্মকর্তারা পদক নিয়ে আসছিলেন, যা নিয়ে বাহিনীর মধ্যেও ক্ষোভ রয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও পুলিশ সদর দপ্তর সূত্র জানায়, চলতি বছর বিভিন্ন ক্যাটাগরিতে পুলিশ পদকের জন্য ১০৯ জন কর্মকর্তা ও সদস্যকে মনোনীত করা হয়েছিল। তবে তালিকায় থাকা কর্মকর্তাদের মধ্যে অন্তত ১১ জন অতীতেও আওয়ামী লীগ সরকারের আমলে পদক পেয়েছিলেন। এদের মধ্যে একজন কর্মকর্তা বিগত সরকারের সময় দুইবার পদক লাভ করেন বলেও জানা গেছে। বিষয়টি নিয়ে পুলিশের অভ্যন্তরে ব্যাপক আলোচনা-সমালোচনার সৃষ্টি হয়। এ বিষয়ে জানতে চাইলে পুলিশ সদর দপ্তরের অতিরিক্ত আইজিপি (অপরাধ ও অপস) খন্দকার রফিকুল ইসলাম জাগো নিউজকে বলেন, পুলিশ সপ্তাহের প্রথম দিন যে পদক দেওয়ার কথা ছিল, সেটি হচ্ছে না। এ বিষয়ে পরবর্তীতে সিদ্ধান্ত নেওয়া হবে।

(জাগো নিউজ ওয়েব পেজ : ১০.০৫.২০২৬ নারগীস)

# রেডিও টুডে

## নির্বাচনি ইশতেহার বাস্তবায়নে সহযোগিতায় দলীয় নেতাকর্মীদের প্রতি আহ্বান প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী তারেক রহমান সরকারের নির্বাচনি ইশতেহার বাস্তবায়নে দলের নেতা -কর্মীদের সহযোগিতা চেয়েছেন। তিনি তাদের প্রতি সহযোগিতার আহ্বান জানিয়ে বলেন, "দলের সমর্থন ও সমন্বয় ছাড়া সরকার সফল হতে পারবে না। তাই নির্বাচনের আগে জনগণের কাছে করা সকল প্রতিশ্রুতি বাস্তবায়নে জন্য আমাদের 'নতুন সংগ্রামে' নামতে হবে।„ প্রধানমন্ত্রী বলেন, "আমাদের একটি যুদ্ধ শেষ হয়েছে। এখন আরেকটি যুদ্ধ শুরু হয়েছে। সেটা হলো- আমরা মানুষকে যে কথা দিয়েছিলাম, তার বাস্তবায়ন করা।" আজ সকালে রাজধানীর ফার্মগেটে কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ (কেআইবি)-এর মিলনায়তনে `সবার আগে বাংলাদেশ, স্লোগানকে ধারণ করে বিএনপি, যুবদল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের সাথে মতবিনিময় সভায় প্রধানমন্ত্রী তারেক রহমান এ কথা বলেন। তিনি আরো বলেন, "গত ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত নির্বাচনে আপনারা মাঠে ছিলেন। আমি বলেছিলাম, নির্বাচন কিন্তু কঠিন হবে। আপনারা প্রত্যেকেই পরতে পরতে সেটা অনুভব করেছেন। মানুষ আমাদের দলের পক্ষে, আমাদের নির্বাচনি ইশতেহারের পক্ষে সমর্থন দিয়েছে।„ নির্বাচনের আগে দেওয়া ইশতেহার এখন জনগণের ইশতেহারে পরিণত হয়েছে উল্লেখ করে তারেক রহমান বলেন, "নির্বাচনের আগের দিন পর্যন্ত আমাদের দেওয়া ইশতেহার ছিল বাংলাদেশ জাতীয়তাবাদী দলের ম্যানিফেস্টো। নির্বাচন হয়ে যাওয়ার পরে বিশেষ করে, আমরা সরকার গঠন করার পরে এই ইশতেহারটি আমাদের সরকারের তথা বাংলাদেশের জনগণের ইশতেহারে পরিণত হয়েছে।„ তিনি বলেন, "কারণ ভোট দেওয়া দেশের ৫২ শতাংশ মানুষ মূলত আমাদের এই ম্যানিফেস্টোর পক্ষেই রায় দিয়েছেন। কাজেই, এই ম্যানিফেস্টোতে যা যা বলেছিলাম, আমাদের সর্বোচ্চ দিয়ে তা বাস্তবায়নের জন্য চেষ্টা করতে হবে।„ প্রধানমন্ত্রী বলেন, "নির্বাচনের আগে আমরা মানুষকে বলেছিলাম যে, আমরা সুশাসন দেব। আমরা এমন একটি দেশ তৈরি করতে চাই, যেখানে শিক্ষার্থীরা একটি সুন্দর শিক্ষার পরিবেশ পাবে। নারী, পুরুষ, শিশু- সকলে নিরাপদে রাস্তায় চলতে পারবে।„ তিনি বলেন, আমরা যখন স্বৈরাচারের বিরুদ্ধে, ফ্যাসিজমের বিরুদ্ধে আন্দোলন করছিলাম, তখন বলেছিলাম যে, আমাদের উপরে যে -রকম অত্যাচার-নির্যাতন হচ্ছে, গুম-খুনের শিকার হতে হচ্ছে, তাতে আমরা রাজনৈতিক দলের নেতা -কর্মীরা চাই, দেশে এমন একটি রাজনৈতিক পরিস্থিতি হোক, যেখানে আমরা বিতর্ক করবো, স্বাধীনভাবে নিজেদের মতপ্রকাশ করবো। তারেক রহমান বলেন, "আমরা বলি, বর্তমান সরকার বিএনপি সরকার। অর্থাৎ সরকার ঠিকই আছে কিন্তু বিএনপি সরকার। সেজন্য বিএনপি যদি সহযোগিতা না করে, অনেক ক্ষেত্রেই সরকার সফল হতে পারবে না।„

(রেডিও টুডে ওয়েব পেজ: ০৯.০৫.২০২৬ এলিনা)

## ন্যায়বিচার নিশ্চিত করুন, সরকার আপনাদের পাশে আছে

দায়িত্ববোধের জায়গা থেকে সঠিক সিদ্ধান্তের পথ বেছে নিয়ে ন্যায়বিচার নিশ্চিত করতে বিচারকদের প্রতি আহ্বান জানিয়েছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। বিচারকদের উদ্দেশ্যে তিনি আরও বলেন, "সব সময় সঠিক সিদ্ধান্ত নেওয়ার চেষ্টা করবেন। আপনারা ন্যায় বিচার নিশ্চিত করুন, আমরা আপনাদের পাশে আছি।„ আজ (শনিবার) সকালে রাজধানীর বিচার, প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট কমপ্লেক্সে আয়োজিত অতিরিক্ত জেলা ও

দায়রা জজদের ২০তম ওরিয়েন্টেশন কোর্সের উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্ত ব্যে তিনি এসব কথা বলেন। আইনমন্ত্রী বলেন, আমরা চাই, বিচারকদের প্রতি মানুষের আস্থা আরও বাড়ুক। জনগণ আমাদেরকে ম্যান্ডেট দিয়েছে। তাই আপনাদের বলতে চাই , যে বিষয়গুলো ন্যায়বিচার প্রতিষ্ঠার পথে অন্তরায় , সেগুলো এড়িয়ে চলে ন্যায় প্রতিষ্ঠা করুন। এ কাজে সরকারকে সব সময় আপনাদের পাশে পাবেন। এ প্রসঙ্গে প্রধানমন্ত্রীর দৃষ্টিভঙ্গির কথাও তুলে ধরেন তিনি। আইনমন্ত্রী বলেন, তারেক রহমানের একটা কথা সব সময় অনুসরণের চেষ্টা করা উচিত। তিনি প্রায়ই বলেন , আমাদের কাজের জায়গাটা দায়িত্ববোধের এবং সঠিক সিদ্ধান্ত নেওয়ার, জনপ্রিয়তার নয়। তাই সব ধরনের অবস্থায় সব সময় সঠিক পথটিই বেছে নিতে হবে। (রেডিও টুডে ওয়েব পেজ: ০৯.০৫.২০২৬ এলিনা)

## কুড়িগ্রাম সীমান্তে বিজিবির সর্বোচ্চ সতর্কতা জারি

কুড়িগ্রামের বিভিন্ন সীমান্তে দেশের অখণ্ডতা রক্ষা , চোরাচালান প্রতিরোধ এবং অবৈধ অনুপ্রবেশ দমনে সর্বোচ্চ সতর্কতা জারি করেছে বর্ডা র গার্ড বাংলাদেশ (বিজিবি)। শনিবার (৯ মে) স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করেছেন কুড়িগ্রাম ব্যাটালিয়ন (২২ বিজিবি) লে. কর্নেল মোহাম্মদ মাহবুব -উল-হক। বিজ্ঞপ্তিতে বলা হয় , দেশের অখণ্ডতা রক্ষা, চোরাচালান প্রতিরোধ এবং অবৈধ অনুপ্রবেশ দমনে জিরো টলা রেন্স নীতি অনুসরণে জেলার বিভিন্ন সীমান্তে নিরাপত্তা ও সর্বোচ্চ সতর্কতা জারি করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। কুড়িগ্রাম ব্যাটালিয়ন (২২ বিজিবি) লে. কর্নেল মোহাম্মদ মাহবুব -উল-হক জানান, কুড়িগ্রাম জেলার সীমান্ত সুরক্ষা নিশ্চিতকরণ এবং অবৈধ অনুপ্রবেশ কঠোরভাবে দমনে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সর্বদা সজাগ ও সতর্ক অবস্থানে রয়েছে। ইতোমধ্যে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার পাশাপাশি নজরদারি বৃদ্ধি করা হয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ: ০৯.০৫.২০২৬ এলিনা)

## হাম ও হামের উপসর্গে আরও ৯ শিশুর মৃত্যু

দেশে হাম ও হামের উপসর্গে আরও নয় শিশুর মৃত্যু হয়েছে। এসময় নতুন করে হাম শনাক্ত ও উপসর্গ পাওয়া গেছে ১ হাজার ৪৩৫ শিশুর মধ্যে। শনিবার স্বাস্থ্য অধিদপ্তরের কন্ট্রোল রুম থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয় , গত ২৪ ঘণ্টায় সারা দেশে মারা যাওয়া নয় শিশুর মধ্যে তি নজন নিশ্চিত হাম আক্রান্ত হয়ে এবং ছয়জন হামের উপসর্গ নিয়ে মারা গেছে। দেশজুড়ে নিশ্চিত হামে আক্রান্ত হয়ে মারা যাওয়া তিন শিশুই বরিশাল বিভাগের। সন্দেহজনক হামের উপসর্গ নিয়ে মারা যাওয়াদের মধ্যে তিনজন ঢাকা , দুইজন খুলনা এবং একজন সিলেট বিভাগের। এছাড়া, গত ২৪ ঘণ্টায় নতুন করে আরো ১ হাজার ৪৩৫ জনের শরীরে হাম ও এর উপসর্গ পাওয়া গেছে। এর মধ্যে নিশ্চিত হামে আক্রান্ত হয়েছেন ৪৮৯ জন। এ নিয়ে গত ৫৫ দিনে হাম ও হামের উপসর্গে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩৫২ জনে।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৯.০৫.২০২৬ এলিনা)

## ভূমিকম্পে কাঁপলো বাংলাদেশ

ভারতের আসামের দক্ষিণ সালমারা -মানকাচার এলাকায় শনিবার দুপুরে ৪ দশমিক ৪ মাত্রার একটি ভূমিকম্প আঘাত হেনেছে, যার কম্পন বাংলাদেশের উত্তরাঞ্চলের বিভিন্ন জেলাতেও অনুভূত হয়েছে। ভূমিকম্প বিষয়ক ওয়েবসাইট ভলকানো ডিসকোভারি জানিয়েছে, স্থানীয় সময় দুপুর ২টা ৪০ মিনিটে ভূমিকম্পটি সংঘটিত হয়। এর উৎপত্তিস্থল ছিল আসামের ধুবরি শহর থেকে প্রায় ৩৪ কিলোমিটার দূরে। প্রাথমিক তথ্যে ধারণা করা হচ্ছে , ভূমিকম্পটি অগভীর ছিল, যদিও সুনির্দিষ্ট গভীরতা এখনো নিশ্চিত করা হয়নি। অগভীর ভূমিকম্প হওয়ায় উৎপত্তিস্থল ও আশপাশের বিস্তৃত এলাকায় কম্পন বেশি অনুভূত হয়ে ছে। এর প্রভাবে বাংলাদেশের উত্তরাঞ্চলের বিভিন্ন স্থানের মানুষও ভূমিকম্পের ঝাঁকুনি টের পেয়েছেন।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৯.০৫.২০২৬ এলিনা)

## দেশে পৌঁছেছে যুক্তরাষ্ট্রে নিহত নাহিদা সুলতানা বৃষ্টির মরদেহ

যুক্তরাষ্ট্রে নৃশংস হত্যাকাণ্ডের শিকার ইউনিভার্সিটি অব সাউথ ফ্লো রিডার (ইউএসএফ) পিএইচডি শিক্ষার্থী নাহিদা সুলতানা বৃষ্টির মরদেহ দেশে পৌঁছেছে। শনিবার (৯ মে) সকাল ৯টা ১০ মিনিটে দুবাই হয়ে এমিরেটস এয়ারলাইনসের একটি ফ্লাইটে মরদেহ ঢাকায় পৌঁছায়। ফ্লোরিডার অরল্যান্ডো আন্তর্জাতিক বিমানবন্দর থেকে স্থানীয় সময় বৃহস্পতিবার রাত ৮টা ৫০ মিনিটে এমিরেটসের ইকে-০২২০ ফ্লাইটে মরদেহ ঢাকার উদ্দেশ্যে পাঠানো হয়। দুবাইয়ে ট্রানজিট শেষে এমিরেটসের ইকে -০৫৮২ ফ্লাইটে মরদেহ ঢাকায় আসে। মরদেহ বিমানে তোলার সময় অরল্যান্ডো আন্তর্জাতিক বিমানবন্দরে মিয়ামির বাংলাদেশ কনস্যুলেটের একজন প্রতিনিধি উপস্থিত ছিলেন। এর আগে, স্থানীয় সময় বুধবার টাম্পায় বৃষ্টির প্রথম জানাজা অনুষ্ঠিত হয়। একই ঘটনায় নিহত জামিল আহমেদ লিমনের মরদেহ গত ৪ মে দেশে পৌঁছায়। (রেডিও টুডে ওয়েব পেজ: ০৯.০৫.২০২৬ এলিনা)

## বাংলাদেশ বৈশ্বিকভাবে সম্মানজনক সম্পর্ক রাখতে আগ্রহী: পররাষ্ট্র উপদেষ্টা

প্রধানমন্ত্রীর পররাষ্ট্র উপদেষ্টা হুমায়ুন কবির বলেছেন, বাংলাদেশ বিশ্ব সম্প্রদায়ের সঙ্গে পারস্পরিক সম্মান, ভারসাম্য ও জাতীয় স্বার্থের ভিত্তিতে সম্পর্ক বজায় রাখতে আগ্রহী। তিনি বলেন , `বাংলাদেশ ফার্স্ট, নীতির ভিত্তিতে সরকার এমন

একটি পররাষ্ট্রনীতি অনুসরণ করবে, যা হবে বহুমাত্রিক, নমনীয় এবং কোনো নির্দিষ্ট দেশকেন্দ্রিক নয়। আজ রাজধানীর ওয়েস্টিন হোটেলে বাংলাদেশ ইনস্টিটিউট অব পিস অ্যান্ড সিকিউরিটি স্টাডিজ আয়োজিত 'সবার আগে বাংলাদেশ : নতুন বাংলাদেশের পররাষ্ট্রনীতির দৃষ্টিভঙ্গি , শীর্ষক এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলে ন। হুমায়ুন কবির বলেন, বর্তমান বিশ্বব্যবস্থা দ্রুত পরিবর্তিত হচ্ছে। একক শক্তির আধিপত্যের যুগ শেষের পথে এবং বিশ্ব রাজনীতি ও অর্থনীতিতে নতুন বাস্তবতা তৈরি হচ্ছে। এ প্রেক্ষাপটে বাংলাদেশকে কৌশলগতভাবে নমনীয় ও ভারসাম্যপূর্ণ পররাষ্ট্রনীতি অনুসরণ করতে হবে। তিনি বলে ন, বাংলাদেশ সব দেশের সঙ্গে গঠনমূলক সম্পর্ক বজায় রাখবে, তবে কোনো দেশের ওপর নির্ভরশীল হবে না। জাতীয় স্বার্থ ও সার্বভৌমত্ব অক্ষুণ রেখে স্বাধীনভাবে সিদ্ধান্ত গ্রহণই হবে সরকারের মূল লক্ষ্য। পররাষ্ট্র উপদেষ্টা বলেন , অর্থনৈতিক কূটনীতি নতুন সরকারের পররাষ্ট্রনীতির অন্যতম প্রধান অগ্রাধিকার। রপ্তানি বাজার সম্প্রসারণ, বৈচিত্র্যময় বিদেশি বিনিয়োগ আকর্ষণ, জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা এবং আঞ্চলিক বাণিজ্য ও যোগাযোগ বৃদ্ধি করতে সরকার কাজ করবে। তিনি বলেন, বাংলাদেশকে দক্ষিণ এশিয়া, দক্ষিণ-পূর্ব এশিয়া ও বৃহত্তর ইন্দো -প্যাসিফিক অঞ্চলের মধ্যে একটি অর্থনৈতিক সেতুবন্ধন হিসেবে গড়ে তোলার পরিকল্পনা রয়েছে সরকারের। (রেডিও টুডে ওয়েব পেজ:০৯.০৫.২০২৬ আসাদ)

## মে মাসে ৩ কার্গো এলএনজি আমদানি, আরও আসছে ৮টি

সরবরাহ ব্যবস্থা স্বাভাবিক রাখতে সরকারের উদ্যোগের অংশ হিসেবে স্পট মার্কেট থেকে আজ পর্যন্ত তিন কার্গো তরলীকৃত প্রাকৃতিক গ্যাস এলএনজি আমদানি করা হয়েছে। মে মাসে আরও আট কার্গো এলএনজি আমদানির প্রক্রিয়া চলমান রয়েছে। বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ করপোরেশনের পরিচালক এ কে এম মিজানুর রহমান আজ বাসস-কে বলেন, "গ্যাসের চাহিদা পূরণে বিভিন্ন বাজার থেকে আর ও আট কার্গো এলএনজি আমদানি করা হবে। এছাড়া, জুন মাসে আরও চার কার্গো আমদানির জন্য ইতোমধ্যে চুক্তি সই হয়েছে।„ তিনি জানান, রাষ্ট্রায়ত্ত্ব পেট্রোবাংলা মে মাসের জন্য মোট ১১টি কার্গো নিশ্চিত করেছে। এগুলোর মধ্যে আজ পর্যন্ত তিনটি দেশে এসেছে। এ কে এম মিজানুর রহমান জানান, সরকার চাহিদা মেটাতে জুন মাসে স্পট মার্কেট এবং দীর্ঘমেয়াদি চুক্তির আওতায় চারটি এলএনজি কার্গো নিশ্চিত করেছে। আরও কিছু কার্গো আমদানির প্রক্রিয়া চলমান রয়েছে। সংশ্লিষ্ট সূত্র জানায় , নিয়মিতভাবে এলএনজি আমদানি কার্যক্রম অব্যাহত রেখেছে সরকার। গ্যাস সরবরাহে যাতে কোনো ধরনের বিঘ্ন না ঘটে, সেজন্য বিকল্প উৎস থেকেও এলএনজি আমদানির প্রস্তুতি নিচ্ছে সরকার।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৯.০৫.২০২৬ আসাদ)

## রাশিয়ায় ইউক্রেনের ড্রোন হামলায় নিহত কিশোরগঞ্জের যুবক

রাশিয়ার হয়ে যুদ্ধ করার সময় ইউক্রেনের ড্রোন হামলায় নিহত হয়েছেন কিশো রগঞ্জের যুবক মো. রিয়াদ রশিদ। তিনি করিমগঞ্জ উপজেলার জাফরাবাদ ইউনিয়নের মাঝিরকোনা গ্রামের সাবেক স্কুলশিক্ষক আবদুর রশিদের ছেলে। রিয়াদের বাবা ও জাফরাবাদ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আবু সাদাত মো. সায়েম তার মৃত্যুর খবর নিশ্চিত করেছেন। রিয়াদের বাবা জানান, রাশিয়া থেকে রিয়াদের বন্ধু লিমন দত্ত গত শুক্রবার সন্ধ্যায় তাকে ছেলের মৃত্যুর খবর জানিয়েছেন। রাশিয়ার সীমান্তের কাছে ইউক্রেনের ড্রোন হামলায় রিয়াদসহ দুই বাংলাদেশি ও নাইজেরিয়ান এক যুবক নিহত হয়েছেন। এ সময় গুরুতর আহত হয়েছেন লিমন নিজেও। রিয়াদের বাবা আরও জানান, গত বছরের অক্টোবরে একটি প্রতিষ্ঠানে চাকরি নিয়ে রাশিয়ায় যান রিয়াদ। এরপর গত মাসে তিনি রুশ বাহিনীতে যোগ দিয়ে ইউক্রেন যুদ্ধে অংশ নেন। রিয়াদের যুদ্ধে যাওয়ার খবর জানত না তার পরিবার। করিমগঞ্জের উপজেলা নির্বাহী কর্মকর্তা উম্মে মুসলিমা জানিয়েছেন, রিয়াদের মৃত্যুর খবর তিনি শুনেছেন । তার মরদেহ দেশে আনার জন্য সরকারের পক্ষ থেকে নির্দেশনা পেলে সে অনুযায়ী উদ্যোগ নেওয়া হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৯.০৫.২০২৬ আসাদ)

## দাদা-দাদির কবরের পাশে চিরনিদ্রায় শায়িত হলেন বৃষ্টি

উচ্চশিক্ষা অর্জনের স্বপ্ন নিয়ে যুক্তরাষ্ট্রে যাওয়া মেধাবী শিক্ষার্থী নাহিদা সুলতানা বৃষ্টি আর জীবিত ফিরে আসেননি। তুচ্ছ এক ঘটনায় দেশটিতে খুন হন তিনি। শনিবার (৯ মে) তার খন্ডিত মরদেহ গ্রামের বাড়ি মাদারীপুরে পৌঁছালে পুরো এলাকায় নেমে আসে শোকের ছায়া। পরে জানাজা শেষে দাদা-দাদির কবরের পাশেই তাকে দাফন করা হয়। শনিবার (৯ মে) সকালে রাজধানীর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে বৃষ্টির মরদেহ পৌঁছায়। দুপুরে তা নিয়ে যাওয়া হয় তার গ্রামের বাড়ি মাদারীপুর সদর উপজেলার চর গোবিন্দপুরে। একমাত্র মেয়ের নিথর দেহ দেখতে ভিড় করেন স্বজন, প্রতিবেশী ও শৈশবের বন্ধুরা। পুরো এলাকায় তৈরি হয় হৃদয়বিদারক পরিবেশ। পরিবার ও স্থানীয়দের অভিযোগ, উচ্চতর ডিগ্রি নিতে যুক্তরাষ্ট্রে থাকা অবস্থায় সহপাঠী জামিল আহম্মেদ লিমনের সঙ্গে এক মার্কিন নাগরিক রুমমেটের বিরোধের জেরে ১৬ এপ্রিল ক্যাম্পাস থেকে বৃষ্টি ও লিমনকে অপহরণ করে হত্যা করা হয়। পরে ৩০ এপ্রিল যুক্তরাষ্ট্রের পুলিশ বৃষ্টির খন্ডিত মরদেহ উদ্ধার করে। (রেডিও টুডে ওয়েব পেজ : ০৯.০৫.২০২৬ নারগীস)

# BBC

**IRAN ACCUSES US OF 'RECKLESS MILITARY ADVENTURE'**
Iran's Foreign Minister Abbas Araghchi has accused the US of opting for a "reckless military adventure" every time a "diplomatic solution is on the table". Iranians would "never bow to pressure", Araghchi said in a post on X, a day after each side accused the other of launching attacks in the Strait of Hormuz and as the US fired on more Iranian vessels. Despite the clashes, Trump said the ceasefire was intact. It is meant to enable talks to end the war that the US and Israel launched in February. Iran was expected to respond to US proposals on Friday, according to US Secretary of State Marco Rubio.
(BBC News Web Page: 09/05/26, FARUK)

**ISRAELI SETTLERS SET FIRE TO HOMES AND CARS IN VIOLENT WEST BANK RAIDS**
Israeli settlers have launched another wave of raids in the occupied West Bank, with houses and cars set on fire and a Palestinian child attacked. The Palestinian Wafa news agency reported that a man and his child were attacked with "sharp instruments" in the village of Khirbet Shuweika, south of Hebron, on Friday. The father and child were taken to hospital due to head injuries. Israeli settlers torched a home in the village of al-Lubban Asharqiya, south of Nablus, after which members of the Palestinian Civil Defence arrived to extinguish the blaze. Israeli settlers also attacked a Palestinian man in the town of Beit Fajjar, south of Bethlehem, and stole his mobile phone. (BBC News Web Page: 09/05/26, FARUK)

**SUVENDU ADHIKARI BECOMES WEST BENGAL CHIEF MINISTER**
An Indian politician once considered a protege of a long-serving chief minister of West Bengal state has replaced her. Suvendu Adhikari of the Bharatiya Janata Party (BJP) was a close aide of former chief minister Mamata Banerjee until their bitter falling out a few years ago. He was sworn in on Saturday in a ceremony attended by Prime Minister Narendra Modi. The BJP won 207 of the state's 294 assembly seats in Monday's vote counting, ending the 15-year rule of Banerjee's All India Trinamool Congress (TMC) and bringing the Hindu nationalist party to power in the state for the first time. For years, Adhikari cultivated the image of a combative organizer with a sharp instinct for power and an ability to turn Bengal's shifting political currents to his advantage. (BBC News Web Page: 09/05/26, FARUK)

**PUTIN DENOUNCES NATO AT SCALED BACK VICTORY DAY PARADE**
Vladimir Putin has used his annual Victory Day speech in Moscow's Red Square to justify his war in Ukraine and denounce Nato. Speaking in front of hundreds of military personnel and flanked by a few world leaders, the Russian President said he was fighting a "just" war and called Ukraine an "aggressive force" that is being "armed and supported by the whole bloc of Nato". His remarks come amid muted celebrations across parts of Russia to mark the nations biggest national holiday, which commemorates the Soviet Union's victory over Nazi Germany. Ahead of the celebrations, Russia and Ukraine agreed to observe a three-day ceasefire, which was announced by US President Donald Trump on Friday.
(BBC News Web Page: 09/05/26, FARUK)

**HUNGARY'S NEW PM TO BE SWORN IN DURING 'REGIME CHANGE' PARTY**
A parliamentary session is under way in Hungary to swear in Peter Magyar as prime minister, almost a month after an election victory that swept away 16 years of rule by Viktor Orban. Magyar's Tisza party holds 141 seats out of 199 in the new parliament - up from zero, a result of the party being founded just two years ago. Tens of thousands of people are expected to take part in a "celebration of freedom and democracy" outside parliament in Budapest, along the shores of the Danube. Magyar has told Hungarians to step through the "gateway of regime change". Orban's Fidesz party crumbled from 135 to 52 seats, and shows signs of imploding. (BBC News Web Page: 09/05/26, FARUK)

**ANGER AND RESIGNATION IN TENERIFE AS HANTAVIRUS SHIP APPROACHES**
As the MV Hondius cruise ship approaches Tenerife, the people of the Spanish island await it with a mixture of uncertainty and, in some cases, anger. The Spanish government has agreed with the World Health Organization (WHO) that the passengers of the vessel, which has seen an outbreak of the hantavirus, should be allowed to disembark there this weekend. It has travelled from Cape Verde, where three people were evacuated due to illness. On Friday, some Tenerife dock workers gathered outside the Canary Islands parliament building in the town of Santa Cruz, to voice concerns that the imminent arrival could pose a health risk for them. (BBC News Web Page: 09/05/26, FARUK)

**SENIOR SRI LANKAN MONK ARRESTED FOR ALLEGED CHILD SEX CRIMES**

A prominent Buddhist monk has been arrested in Sri Lanka for allegedly sexually abusing an 11-year-old girl, in the highest-prifile case involving a local religious leader. Authorities took 71-year-old Pallegama Hemarathana into custody on Saturday from a private hospital in the capital, Colombo, where he had checked in for treatment as a criminal probe against him progressed. The chief prelate of Colombo, Hemarathana is accused of committing the abuse in 2022 in a highly venerated temple in Anuradhapura. Authorities said the victim's mother has also been arrested for aiding and abetting the monk.
(BBC News Web Page: 09/05/26, FARUK)

**GREECE EXAMINES MYSTERY NAVAL DRONE FOUND IN IONIAN SEA**

The Greek military is examining a mysterious unmanned naval drone spotted in the Ionian Sea by local fishermen. They found the vessel in a cave near the island of Lefkada on Thursday and alerted the coast guard, which then towed it to the nearby port of Vasiliki. The Greek defence ministry is now overseeing the investigation. Reports in Greek media say the drone carried explosives and its engine was still running when it was discovered. The reports also suggest the vessel could be either Ukrainian-made or linked to the ongoing Russia-Ukraine war. (BBC News Web Page: 09/05/26, FARUK)

**US MILITARY KILLS TWO PEOPLE IN NEW EASTERN PACIFIC OCEAN ATTACK**

The United States military said it killed two people, leaving one survivor, in its latest attack on vessels in the eastern Pacific Ocean. US Southern Command (SOUTHCOM) announced the attack in a statement on Friday, accompanied by a video that showed a moving boat being struck by a missile and then bursting into a ball of flames. SOUTHCOM oversees the US military operations in the Caribbean and Latin America. It said the vessel was operated by "Designated Terrorist Organizations" but provided no evidence in support of this claim. It said no military forces were harmed in the operation. This is the third attack in May. It comes a few days after the US military reported killing three people in a similar attack.
(BBC News Web Page: 09/05/26, FARUK)

## :: THE END ::